Dr. B. R. Ambedkar: Re-assessing his impact in the 21st Century

A special issue on his 135th Birth Anniversary



"EDUCATE, AGITATE, ORGANIZE" - Dr. B. R. Ambedkar

Edited by Internal Quality Assurance Cell (IQAC)

Kultali Dr. B. R. Ambedkar College

"Whatever we have today
is there because of you.
This life and death,
these words, even our tongue,
All our joys and sorrows,
our dreams, our realities,
Even this hunger and thirst
are the reword of your great deeds."

Namdeo Dhasal

Editorial Group

Dr. Prashanta Das (TIC)
Dr. Sipra Biswas (IQAC Coordinator)
Dr. Sumita Dutta
Dr. Sujata Banerjee
Dr. Rupam Kumar Dutta
Tapoban Bhattacharyya
Kausambi Patra
Bisari Dey
Dr. Mintu Patra
Dr. Soma Sardar
Dr. Sarthak Chakraborty

KULTALI DR. B. R. AMBEDKAR COLLEGE

2026

Picture of front page drawn by
Rina Mondal, 6th Sem, Dept. of. Education

Picture of end page drawn by
Mitali Adhikari
Ex student, Dept. of Geography

CONTENTS

Title	*Author*	*Page*
1. Unlearning Silence: How B. R. Ambedkar Reimagines Awareness as Women's Resistance	Srijita Roy	7
2. ড. ভীমরাও রামজি আম্বেদকর – এক আগুনপাখির সংগ্রামের স্মৃতিচারণ	তপোবন ভট্টাচার্য্য	8 - 10
3. Dr. B. R. Ambedkar and Social Justice	ডঃ সোমা সরদার	10 – 12
4. বাবা সাহেব	দীপা মন্ডল	12 - 13
5. ড: বি আর আম্বেদকর	তৃপ্তি হালদার	13
6. ড: বি আর আম্বেদকর	দীপ ঘোষ	13 – 14
7. Dr. Bhimrao Ramji Ambedkar: A Visionary Beyond Identities in the Modern World	Dr. Sipra Biswas	14 - 16
8. আত্মচেতনার আলোয়ে আম্বেদকর	ড. রূপম কুমার দত্ত	16 – 18
9. ডক্টর ভিমরাও রামজি আম্বেদকর সম্পর্কে কিছু কথা	বুল্টি বিশ্বাস	19
10. মহান ব্যাক্তি ডক্টর ভিমরাও রামজি আম্বেদকর	সুস্মিতা সর্দার	19 – 20
11. ড. ভীমরাও আম্বেদকরের ১৩৫ তম জন্মজয়ন্তী	মধুসূদন হাউলী	20 – 22
12. ডক্টর ভিমরাও রামজি আম্বেদকর	বাপি হালদার	23
13. অন্ধকার থেকে আলোর পথে	সোনালি পয়ড়া	23 - 24
14. বি. আর. আম্বেদকর : দেবতাকরণ, তার যৌক্তিকতা এবং আম্বেদকরের সম্ভাব্য অবস্থান	মিলন নাটুয়া	24 - 26
15. কুলতলী ডঃ বি আর আম্বেদকর কলেজ	ভাস্কর নাইয়া	26 - 27

CONTENTS

Title	*Author*	*Page*
16. Dr. B.R. Ambedkar and his relevance in the 21st century India	Payel Basu	27 - 28
17. আলোর পথিক — ভীমরাও রামজি আম্বেদকর	বিসারী দে	28 – 31
18. মানুষ চাই, মানুষ!	ডঃ সুজাতা বন্দ্যোপাধ্যায়	32 – 33
19. দলিত জাতি	ভাস্কর নাইয়া	34
20. ড. ভীমরাও রামজি আম্বেদকর - এক অনমনীয় আলোর দীপ্তি	Britisundar Sardar	35 - 36
21. A Critical Study of Ambedkar's Political Ideas of Equality	Dr. Krishnendu Haldar	36 - 39

Principal's Desk

It gives me immense pleasure to present this special magazine published by the Internal Quality Assurance Cell (IQAC) in honour of Dr. B. R. Ambedkar on the occasion of his **135th birth anniversary**. This publication is particularly significant for our institution, which proudly bears his name and seeks to uphold the ideals he envisioned for a just and equitable society.

Dr. Ambedkar was a towering personality whose contributions extended far beyond the framing of the Constitution of India. He was a relentless advocate of social justice, equality, and human dignity. His vision of an inclusive society, rooted in the principles of liberty, equality, and fraternity, continues to guide us in addressing the challenges of the contemporary world. His emphasis on education as a means of empowerment remains especially relevant for academic institutions today.

This magazine is a thoughtful initiative of IQAC to engage both faculty and students in reflecting upon the enduring relevance of Dr. Ambedkar's ideas. It provides a meaningful platform for academic discourse and critical reflection on issues that continue to shape our society. I am confident that the contributions included in this volume will inspire readers to think deeply about their roles as responsible citizens.

As an institution committed to quality education and holistic development, we consider it our duty to nurture not only intellectual growth but also social consciousness among our students. This publication is a step in that direction, reinforcing our commitment to value-based education and social responsibility.

I congratulate the IQAC team and all contributors for their dedicated efforts in bringing out this magazine. I hope this publication will serve as a source of knowledge, inspiration, and reflection for all its readers.

Dr. Prashanta Das
Teacher-in-charge
Kultali Dr. B. R. Ambedkar College

IQAC's Desk

It is with a deep sense of pride and responsibility that the Internal Quality Assurance Cell (IQAC) presents this special magazine dedicated to Dr. B. R. Ambedkar—visionary thinker, social reformer, jurist, and chief architect of the Constitution of India. This publication assumes particular significance as it commemorates his **135th birth anniversary** and serves as a humble tribute from an institution that proudly bears his name.

Dr. Ambedkar was far more than a representative of marginalized communities; he was a nation-builder whose ideas transcended caste, class, and creed. His sustained struggle against social discrimination, coupled with his firm commitment to democratic values, laid the foundation for a more inclusive and equitable society. His contributions to constitutionalism, advocacy for women's rights, and emphasis on education as an instrument of social transformation continue to hold enduring relevance.

For our institution, this dedication is not merely symbolic but reflects a deeper institutional commitment to upholding the principles he championed — liberty, equality, fraternity, and social justice. The magazine thus serves both as a tribute to his legacy and as a reaffirmation of the values that guide our academic and social mission.

The objective of this publication is to critically engage with the multifaceted dimensions of Dr. Ambedkar's thought and legacy. It seeks to provide a platform for faculty members and students to explore and articulate perspectives on issues of social justice, equality, and nation-building within an Ambedkarian framework.

At IQAC, we view quality education as extending beyond academic excellence to include the cultivation of socially responsible and ethically aware individuals. This initiative reflects our commitment to fostering such consciousness through value-based education.

We extend our sincere appreciation to all contributors and supporters of this endeavor. It is hoped that this publication will not only enrich intellectual discourse but also inspire the integration of Ambedkar's ideals into both institutional practices and everyday life.

Sipra Biswas

Dr. Sipra Biswas

IQAC Coordinator

Kultali Dr. B. R. Ambedkar College

Unlearning Silence: How B. R. Ambedkar Reimagines Awareness as Women's Resistance

Srijita Roy
Assistant Professor, Department of Sociology
Kultali Dr. B.R. Ambedkar College

What does it mean to truly be aware in a society where inequality is not incidental but deeply structured? For B. R. Ambedkar, awareness was never passive knowledge, it was a radical force, a refusal to accept silence, and a call to question power. His assertion that an ignorant citizen is easy to control while an aware one is unstoppable becomes even more compelling when viewed through a gendered lens, where caste and patriarchy intersect to produce layered forms of exclusion. Women, particularly those from marginalized caste and class locations, have historically been denied education, autonomy, and voice, not by chance but by design, as ignorance itself functioned as a mechanism of control. In such a context, awareness becomes a powerful site of feminist resistance: it is not merely about acquiring education but about cultivating a critical consciousness that questions restricted mobility, invisible labour, and normalized violence. B. R. recognised this deeply, placing women's rights at the heart of his vision of social democracy, as reflected in his efforts to reform Hindu personal laws and to advocate for gender justice. His enduring call to "Educate, Agitate, Organize" continues to resonate, where education awakens, agitation challenges, and organization transforms awareness into collective power. In today's digital age, awareness circulates through new platforms, enabling women to share experiences and mobilize, yet these spaces remain shaped by inequalities of access, language, and socio-economic location, determining whose voices are amplified and whose remain unheard. Ambedkar's vision thus urges us toward an intersectional understanding of awareness, one that recognizes the entanglement of caste, gender, and class—and for women at the margins, such awareness is not just empowering but transformative, enabling them to resist, renegotiate, and redefine their place within society. Ultimately, awareness is not passive or comfortable; it is active, critical, and political, and when women become aware, they do not simply resist oppression, they begin to rewrite the very structures that once silenced them, marking the first step toward enduring freedom.

ড. ভীমরাও রামজি আম্বেদকর - এক আগুনপাখির সংগ্রামের স্মৃতিচারণ

তপোবন ভট্টাচার্য্য
সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ,
কুলতলি ড. বি. আর. আম্বেদকর কলেজ

এক ছোট্ট ছেলের জীবনের গল্প আজ আমরা রোমন্থন করতে চলেছি, যার নাম ছিল ভীম। পরে এই ছোট্ট ছেলেটাই যখন বড় হল তখন আমাদের দেশ ও গোটা বিশ্ব তাঁকে চিনল ড. ভীমরাও রামজি আম্বেদকর নামে। কিন্তু তার আগে একটু ছোট্ট ভীমের গল্পই হোক। ভীমের বাবা রামজি মালোজি সাকপাল ছিলেন ব্রিটিশ ভারতীয় সেনাবাহিনীর সুবেদার। রামজি মালোজি সাকপাল ও তাঁর স্ত্রী ভীমাবাই-এর চোদ্দতম ও কনিষ্ঠতম সন্তান ছিল ভীম। ছোটবেলা থেকেই ভীষণ আবেগপ্রবণ বালক ছিল ভীম, আর তখন থেকেই তার চোখে আসাধারণ সব স্বপ্নরাশি এসে ভিড় করত।

কিন্তু ভীমের পরিবার ছিল দলিত। তাই সে জন্ম থেকেই পরাধীন ভারতের এমন এক সমাজকে চারপাশে দেখেছিল, যেখানে মানুষকে মানুষ বলেই মনে করা হত না। জাত-পাতের ভিত্তিতে সমাজে গভীর বিভাজন রেখা টানা ছিল। স্কুলে পড়াশোনা করতে গিয়েই ভীম এই বিভাজন রেখার জাঁতাকলে পড়ে গিয়েছিল। অল্পদিনের মধ্যেই ছোট্ট ভীম বুঝে গিয়েছিল যে, স্কুলে উচ্চবর্ণের ছেলেদের জন্য একরকম নিয়ম, তার মতো নিম্নবর্ণের দলিতের জন্য আরেক রকম নিয়ম। উচ্চবর্ণের ছেলেরা স্কুলে বেঞ্চে বসে পড়াশোনা করে, আর তাকে বসতে হয় মাটিতে। তেষ্টা পেলেও নিজে কল বা কুয়ো থেকে জল নিতে পারে না, অন্য কারোর সাহায্য নিতে হয়। একবার এক প্রচন্ড গ্রীষ্মের দুপুরে ভীমের ভীষণ জল তেষ্টা পেল। শিক্ষকের কাছে সে একটু জল খাওয়ার অনুরোধ করল। পানীয় জল একটু দূর থেকে ছিটিয়ে ছোট্ট ভীমের পাত্রে ঢেলে দেওয়া হল, যাতে তার ছোঁয়া কোন বর্ণহিন্দু উচ্চবর্ণের গায়ে না লাগে। সেই মুহূর্তেই ছোট্ট ভীমের অপমানিত মনে এক ভীষণ প্রশ্ন জেগেছিল – দলিত বা নিম্নবর্ণ হলেও আমরা কি মানুষ নই?

এই কঠিন বাস্তব ভীষণ প্রশ্নটাই ভীমের কাছে তার সারা জীবনের আগুন হয়ে উঠল। তার মনে হতে লাগল যে, এই অন্যায়ের বিরুদ্ধে লড়াই করতে হলে তাঁকে অনেক পড়াশোনা করতে হবে, অনেক জ্ঞান অর্জন করতে হবে, সারাজীবন এই অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আগুন নিজের মনে জ্বালিয়ে রাখতে হবে – এই অন্যায়কে, সমাজের এই বর্ণহিন্দু-দলিত বিভাজনকে, জাত-পাতের সামাজিক কলঙ্ককে সমূলে উচ্ছেদ করতে হবে। আর এইসব অন্যায়কে আগুনে ছারখার করে দেওয়ার জন্য তাকে হতে হবে অদূর ভবিষ্যতের আগুনপাখি।

একদিন গভীর রাত, ছোট একটি ঘরে তখনও একটা কুপি জ্বলছে আর তার কাঁপা কাঁপা আলোয় বারো বছরের বালক ভীম বই পড়ছে। তার চোখ জ্বালা করছে, পিঠ ব্যাথা করছে – তবুও বই ছাড়বে না সে। মা মাঝে মাঝে আদর মাথা হালকা বকুনি দিয়ে তাকে ঘুমিয়ে পড়তে বলছে। কিন্তু ছেলের চোখে ঘুম নেই। ভীম বুঝতে পেরেছিল যে, ঘুমের থেকে জ্ঞান এখন তার বেশি দরকার। ঘুম এখন আর তার চোখে আসে না। ঘুমোতে গেলেই তার

চোখের সামনে ভেসে ওঠে দিনের বেলায় স্কুলের অস্পৃশ্যতার দৃশ্যগুলো, তার হজম করে চলা অপমানের মুহূর্তগুলো – বর্ণহিন্দু ছেলেরা তার পাশে বসে না, উচ্চবর্ণের শিক্ষক মশাই তার খাতা হাত দিয়ে ছোঁন না, কলে বা কুয়োয় জল খেতে গেলে তাকে দূর দূর করে তাড়িয়ে দেওয়া হয়। এই সব অপমান তাকে আর ঘুমোতে দেয় না। এইসব অপমান, অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধ করতে হলে তাকে জ্ঞান অর্জন করতেই হবে। অদম্য ইচ্ছাশক্তি আর মনের জোর নিয়ে ভীম পড়াশোনা চালিয়ে গেল। স্কুলের ক্লাসরুম থেকে শুরু করে সমাজের নানা স্তরে অনেক বিভাজন, বর্ণের বিভেদ; কিন্তু তার বইয়ের পাতায় যে সব বর্ণ লেখা আছে সেখানে কোন বিভেদ নেই। বইয়ের পাতায় কোন উচ্চ-নিম্ন ভেদ নেই; সেখানে ছাপা অক্ষরেরা সবাই সমান, তারা সবার জন্য সমান।

এর বছর কুড়ি পরের ঘটনা। উচ্চশিক্ষা লাভ করে সেই ভীম তখন বসে আছে আমেরিকা যুক্তরাষ্ট্রের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে। তখন সে আর ছোট্ট ভীম নয়, তখন সে ভীমরাও রামজি আম্বেদকর। টেবিলে ভীমরাও আম্বেদকরের সামনে তখন তাঁর নিজের অর্থনীতির গবেষণা পত্র খোলা আছে আর মনের মধ্যে জমে আছে এক অসম যুদ্ধ জয়ের জেদ। কলম্বিয়া বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে ডক্টরেট ডিগ্রি পেয়েও ভীমরাও থামলেন না। ইংল্যান্ডের লন্ডন স্কুল অব ইকোনমিক্স থেকে অর্থনীতিতে আবার ডি.এসসি. ডিগ্রি লাভ করলেন। কিন্তু তাঁর শিক্ষা শুধুমাত্র নিজের উন্নতি, নিজের স্বাচ্ছন্দ্যের জন্য ছিল না। তিনি এই উচ্চ শিক্ষালাভকে কাজে লাগাতে চাইলেন দেশের উন্নতির জন্য, নিজের দেশের মানুষের উন্নতির জন্য।

দেশে ফেরার পর জাতপাতের বিভেদ ভেঙ্গে দেওয়া, বর্ণের ভেদাভেদ দূর করা, অস্পৃশ্যতা দূর করা, দলিত মানুষদের বঞ্চনা দূর করা – এইসব কিছুর জন্য ভীমরাও নিজেকে সঁপে দিলেন। যুদ্ধটা খুবই কঠিন ছিল, কিন্তু ড. ভীমরাও রামজি আম্বেদকর ভয় পান নি, ক্লান্ত হন নি। তিনি মনে করতেন ভয়, ক্লান্তি একমাত্র তাদের জন্য, যাদের জীবনের লক্ষ্য ছোট। কিন্তু তার জীবনের লক্ষ্য ছিল অনেক বড়। এই বড় লক্ষ্যের পিছনে ছুটে চলার সাহসে ভর করেই একসময়ের রাত জেগে কুপির আলোয় পড়াশোনা করা সেই বাচ্চা ছেলেটি শেষপর্যন্ত একটা গোটা জাতির আলো হয়ে উঠেছিল।

দেশ তখন স্বাধীনতা লাভের মুখে। এই অবস্থায় ড. ভীমরাও রামজি আম্বেদকর হাতে পেলেন এক বিশাল দায়িত্ব – আর সেটা হল ভারতের সংবিধান রচনা। রাত জেগে পরিশ্রম করে, অজস্র ভাবনাচিন্তা ও অভিজ্ঞতা নিয়ে তিনি লিখলেন এমন এক সংবিধান, যেখানে প্রতিটি মানুষের সমান অধিকার থাকবে। তাঁর লেখা সংবিধান দেশবাসীকে দেখাল – ধনী-গরীব, উচ্চ-নিম্ন - সব ভেদাভেদ মুছে ফেলার স্বপ্ন।

ড. ভীমরাও রামজি আম্বেদকর সবসময় বিশ্বাস করতেন যে, মানুষের জীবনে যতই কষ্ট, দুঃখ, অসুবিধা, সমস্যা আসুক; তাকে সাহস, ধৈর্য্য ও অধ্যাবসায় নিয়ে শিক্ষিত হতেই হবে। কারণ প্রকৃত শিক্ষাই মানুষকে একমাত্র মুক্তি দিতে পারে। তাই ছাত্র তথা যুবসমাজের উদ্দ্যেশ্যে তিনি বলেছিলেন – শিক্ষিত হও, সংগঠিত হও এবং সংগ্রামী হও। ড. ভীমরাও রামজি আম্বেদকরের জীবন শুধু সংগ্রামের নয়, আশার গল্পও আমাদের শোনায়। তাঁর জীবন আমাদের শেখায় যে, অন্যায় যতই গভীর হোক; ভিতরে যদি শিক্ষার আলো থাকে, সততা ভরা বুকে যদি

অন্যায়ের প্রতিবাদ করার সাহসী আগুন জ্বলে; তাহলে সেই আগুনপাখি সমস্ত সমাজ, দেশ, তথা পৃথিবীকে বদলে দেওয়ার ক্ষমতা রাখে। তাই পরিশেষে, ২০২৬ খ্রিস্টাব্দের ১৪ ই এপ্রিল তাঁর ১৩৫ তম জন্মবার্ষিকীতে আগুনপাখি ড. ভীমরাও রামজি আম্বেদকরকে আমাদের সকল ভারতবাসীর তরফ থেকে পরম শ্রদ্ধা ও প্রণাম জানাই।।

Dr. B. R. Ambedkar and Social Justice

ডঃ সোমা সরদার
শিক্ষাবিজ্ঞান বিভাগ
কুলতলী ডঃ বি আর আম্বেদকর কলেজ

ড. ভীমরাও রামজি আম্বেদকর ভারতীয় ইতিহাসের এক অনন্য ব্যক্তিত্ব, যিনি শুধু সংবিধানের প্রধান নির্মাতা হিসেবেই নন, বরং সমাজ সংস্কারক ও শ্রমিক অধিকারের একজন শক্তিশালী প্রবক্তা হিসেবেও পরিচিত। তাঁর চিন্তাধারা ও কর্মসূচির মূল লক্ষ্য ছিল একটি সমতাভিত্তিক ও ন্যায়ভিত্তিক সমাজ গঠন, যেখানে সকল মানুষের অধিকার সমানভাবে সুরক্ষিত থাকবে। বিশেষ করে শ্রমক্ষেত্রে নারীদের অধিকার, সমান মজুরি এবং মাতৃত্বকালীন ছুটির বিষয়ে তাঁর অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও যুগান্তকারী।

"Equal pay for Equal work" বা "সমান কাজের জন্য সমান বেতন" নীতিটি আম্বেদকরের সামাজিক ন্যায়বিচারের ধারণার একটি গুরুত্বপূর্ণ অংশ। তিনি দৃঢ়ভাবে বিশ্বাস করতেন যে শ্রমিকদের মধ্যে কোনো ধরনের বৈষম্য থাকা উচিত নয়—তা লিঙ্গ, জাত, ধর্ম কিংবা সামাজিক অবস্থান যাই হোক না কেন। তাঁর মতে, একই ধরনের কাজ করার পরেও যদি কোনো ব্যক্তি কম মজুরি পান, তবে তা শুধু অর্থনৈতিক বৈষম্যই নয়, বরং সামাজিক অবিচারও বটে।

আম্বেদকর আইন মন্ত্রী থাকাকালীন (১৯৪২–১৯৪৬), তিনি শ্রমিকদের মজুরি, কাজের সময় এবং কাজের পরিবেশের উন্নয়নে নানা পদক্ষেপ গ্রহণ করেন। তিনি ৮ ঘন্টার কর্মদিবস চালু করার মতো গুরুত্বপূর্ণ সংস্কার আনেন, যা শ্রমিকদের জীবনে বড় পরিবর্তন আনে। একইসঙ্গে, তিনি সমান কাজের জন্য সমান মজুরির নীতি প্রতিষ্ঠার জন্য সক্রিয়ভাবে কাজ করেন। তাঁর এই প্রচেষ্টার ফলেই পরবর্তীতে ভারতীয় সংবিধানের নির্দেশমূলক নীতিতে এই ধারণাটি অন্তর্ভুক্ত হয় (Article 39(d)), যা রাষ্ট্রকে পুরুষ ও নারীর মধ্যে মজুরি বৈষম্য দূর করতে উৎসাহিত করে।

মাতৃত্বকালীন ছুটির বিষয়ে আম্বেদকরের দৃষ্টিভঙ্গি ছিল অত্যন্ত আধুনিক ও মানবিক। তিনি উপলব্ধি করেছিলেন যে কর্মজীবী নারীদের জন্য মাতৃত্ব একটি বিশেষ সময়, যেখানে তাদের শারীরিক ও মানসিক যত্নের প্রয়োজন হয়। সেই সময়ে যদি তারা পর্যাপ্ত বিশ্রাম ও আর্থিক নিরাপত্তা না পান, তবে তা তাদের স্বাস্থ্য এবং সন্তানের সুস্থতার উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

এই বিষয়টি মাথায় রেখে আম্বেদকর শ্রম আইনে নারীদের জন্য মাতৃত্বকালীন সুবিধা অন্তর্ভুক্ত করার উদ্যোগ নেন। তিনি কর্মরত নারীদের জন্য বেতনসহ মাতৃত্বকালীন ছুটির পক্ষে জোরালো বক্তব্য রাখেন। তাঁর প্রচেষ্টার ফলে পরবর্তীতে মাতৃত্বকালীন সুবিধা সংক্রান্ত আইন প্রণয়নের পথ সুগম হয়, যা স্বাধীনতার পর আরও সুসংহত রূপ পায়। পৃথিবীর মধ্যে প্রথম তিনি ভারতে এই ব্যবস্থা চালু করেন। পরবর্তী কালে তাঁর ই অনুকরণে পৃথিবীর অন্যান্য দেশে এই ব্যবস্থা চালু হয়।আজকের ভারতে মাতৃত্বকালীন ছুটি একটি আইনগত অধিকার হিসেবে স্বীকৃত, যা নারীদের কর্মজীবন ও ব্যক্তিগত জীবনের মধ্যে ভারসাম্য বজায় রাখতে সহায়তা করে। বর্তমানকালে যে সকল কর্মকর্তা মহিলারা মাতৃত্বকালীন ছুটি পাচ্ছেন তারা ডঃ আম্বেদকর এর অবদানে বিশেষ উপকৃত ও কৃতজ্ঞ।

আম্বেদকরের এই দুইটি গুরুত্বপূর্ণ নীতি—সমান মজুরি এবং মাতৃত্বকালীন ছুটি—শুধু শ্রমিকদের আর্থিক সুরক্ষা নিশ্চিত করে না, বরং তাদের মানবিক মর্যাদাকেও রক্ষা করে। তিনি বিশ্বাস করতেন যে কোনো সমাজ তখনই উন্নত হতে পারে, যখন সেখানে নারীদের সম্মান ও অধিকার নিশ্চিত করা হয়। এই দৃষ্টিভঙ্গি তাঁকে তাঁর সময়ের চেয়ে অনেক এগিয়ে রেখেছিল।

বর্তমান সময়েও এই নীতিগুলোর গুরুত্ব অপরিসীম। যদিও আইনি কাঠামোর মাধ্যমে অনেক ক্ষেত্রে সমান মজুরি নিশ্চিত করা হয়েছে, তবুও বাস্তবে অনেক জায়গায় এখনও নারী-পুরুষের মধ্যে মজুরি বৈষম্য দেখা যায়। একইভাবে, অনেক কর্মক্ষেত্রে মাতৃত্বকালীন ছুটি থাকলেও তা সবক্ষেত্রে যথাযথভাবে প্রয়োগ করা হয় না। এই বাস্তবতায় আম্বেদকরের চিন্তাধারা আমাদেরকে নতুন করে অনুপ্রাণিত করে এবং আমাদের দায়িত্ব মনে করিয়ে দেয়।

শুধু তাই নয়, বর্তমান বিশ্বায়নের যুগে যেখানে শ্রমবাজার ক্রমাগত পরিবর্তিত হচ্ছে, সেখানে এই নীতিগুলোর প্রয়োগ আরও বেশি জরুরি হয়ে উঠেছে। অনানুষ্ঠানিক খাতে কর্মরত নারীরা প্রায়ই এই সুবিধাগুলো থেকে বঞ্চিত হন, যা সামাজিক বৈষম্যকে আরও বাড়িয়ে তোলে। এই সমস্যা সমাধানের জন্য নীতিনির্ধারকদের আরও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। তাঁর আদর্শ অনুসরণ করে আমরা এমন একটি সমাজ গড়ে তুলতে পারি, যেখানে প্রত্যেক ব্যক্তি—নারী বা পুরুষ—সমান সুযোগ ও মর্যাদা লাভ করবে।

ড. আম্বেদকরের অবদান আমাদেরকে শুধু অতীতের শিক্ষা দেয় না, বরং ভবিষ্যতের পথও দেখায়। তাঁর চিন্তাধারা ও কর্মসূচি চিরকাল আমাদের সমাজে ন্যায় ও সমতার আলো জ্বালিয়ে রাখবে।তাঁর আদর্শ অনুসরণ করে আমরা এমন একটি সমাজ গড়ে তুলতে পারি, যেখানে প্রত্যেক ব্যক্তি নারী বা পুরুষ সমান সুযোগ ও মর্যাদা লাভ করবে।

বাবা সাহেব

দীপা মন্ডল
ষষ্ঠ সেমিস্টার(অনার্স),
শিক্ষাবিজ্ঞান বিভাগ
কুলতলী ডঃ বি আর আম্বেদকর কলেজ

বেহালা হাতে সুরের জাদু
কলমে সংবিধান ,
আইনের পথে গড়েছ তুমি
নতুন ভারতবর্ষের নাম।

অন্ধকার ঐ সমাজের বুকে
তুমিই যে জ্বালালে আলো,
অস্পৃশ্যতার আঁধার ভেঙে
তুমিই যে বেসেছ ভালো।

শোষিতের বন্ধু তুমি ,
সমতার উজ্জ্বল রবি,
ওহে মহামানব কবি
সংবিধানের রচয়িতা তুমি।

সাম্য, মৈত্রী, স্বাধীনতার
তুমিই তো মূলভিত্তি ,
তোমার চরণে জানাই আজি
সশ্রদ্ধ প্রণতি।।

ড: বি আর আম্বেদকর

তৃপ্তি হালদার
চতুর্থ সেমিস্টার (অনার্স), ভূগোল বিভাগ
কুলতলি ডঃ বি. আর. আম্বেদকর কলেজ

ড: বি আর আম্বেদকর ছিলেন স্বাধীন ভারতের প্রথম আইনমন্ত্রী। তিনি ছিলেন একজন শিক্ষাবিদ, অর্থনীতিবিদ, বিশিষ্ঠ লেখক এবং সমাজ সংস্কারক, তার পুরো নাম হলো ভীমরাও রামজি আম্বেদকর। তিনি দাদাসাহেব নামে পরিচিত ছিলেন, তিনি 1891 সালের 14ই এপ্রিল, মধ্যপ্রদেশে জন্ম গ্রহণ করেন , তার পিতার নাম রামজি সাকপাল ও মাতার নাম ভীমাবাই, তিনি নিপীরিত ও পিছিয়ে পড়া মানুষের জন্য লড়াই ,শিক্ষার প্রসার , বর্ণপ্রথা নির্মূল এবং নারীদের অর্থনৈতিক অধিকার ও সম্মান অর্জনে তার অসীম অবদান, আম্বেদকর ছিলেন সেই সময়ের কয়েকজন সর্বোচ্চো শিক্ষিত ভারতীয়দের মধ্যে একজন হিসাবে স্বীকৃত হন। ভারতের ইতিহাস তিনি এক উজ্বল নক্ষত্র, 1956 সালের 6 ডিসেম্বর নিউ দিল্লিতে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন , 1990 সালে ভারত রত্ন দ্বারা ভূষিত হন, তার কর্মজীবন ছাত্রদের কাছে এবং গোটা দেশবাসীর কাছে এক অনুপ্রেরণা,তিনি দেশবাসীর কাছে আজও অমর হয়ে আছেন।

ড: বি আর আম্বেদকর

দীপ ঘোষ
প্রথম সেমিস্টার (অনার্স), ভূগোল বিভাগ
কুলতলি ডঃ বি. আর. আম্বেদকর কলেজ

ডঃ বি. আর. আম্বেদকর, যাকে সংবিধানের জনক বলা হয়, তিনি ছিলেন ভারতীয় ইতিহাসের এক উজ্বল নক্ষত্র । 1891 সালে 14 ই এপ্রিল এক দরিদ্র পরিবারে তাঁর জন্ম হয়। তাঁর পিতার নাম রামজি মালোজি সাক পাল এবং মাতার নাম ভীমাবাই । ছোট বেলা থেকেই তিনি সমাজের অবহেলার শিকার হন। স্কুলে তাকে জাতি প্রথার জন্য আলাদা বসতে হত্‌স)
শিক্ষাজীবন : তিনি একজন অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। তিনি বোম্বে বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেন এবং পরে আমেরিকার COLUMBIA UNIVERSITY থেকে উচ্চশিক্ষা গ্রহন করেন। তাঁর শিক্ষা জীবন প্রমাণ করে শিক্ষাই হল বেঁচে থাকার সবচেয়ে বড় অস্ত্র। "EDUCATION IS THE MOST POWERFUL WEAPON WHICH YOU CAN USE TO CHANG THE WORLD" ।
সমাজসংস্কারক ডঃ বি. আর. আম্বেদকর আজীবন লড়াই করেছেন সমাজের বর্ণবৈষম্যের বিরুদ্ধে। তিনি বিশ্বাস করতেন একটি সমাজ তখনই উন্নত হবে যখন সমাজে অন্তর্গত সমস্ত মানুষের সমান অধিকার থাকবে। যখন সমাজের সকল মানুষ জাতপাত ভুলে একই সুরে বলে উঠবে আমরা সবাই ভারতবাসী।

নারীশিক্ষা : তিনি কেবলমাত্র সমাজের দলিত শ্রেণীর জন্য লড়াই করেননি। তিনি নারীশিক্ষার জন্য লড়াই করেছেন। তিনি বলতেন নারী মানেই কোন ভোগ্য বস্তু নয়, নারীরা যেমন একহাতে হাতা খুন্তি তুলতে পারে, তেমন অন্য হাতে পেন ও তুলে একটি শিক্ষিত সমাজ গড়ে তুলতে পারে।

সংবিধান : ভারতীয় সংবিধান রচনায় ডঃ বি. আর. আম্বেদকর এর ভূমিকা অপরিসীম, তাঁর মতে ধর্ম, জাত, লিঙ্গ নির্বিশেষে সকল মানুষের সমান অধিকার দিতে হবে। তিনি মনে করেন মানুষের ধর্ম দিয়ে কিছু হয় না মানুষের পরিচয় মানুষের কর্ম তে । "Constitution is not a mere lawyer's document, it is a vehicle of life."

উল্লেখযোগ্য বই : Annihilation of Caste, The Problem of the Rupee, Who Were the Shudras? The Untouchables। এই বইগুলিতে তিনি বর্ণপ্রথার বিরুদ্ধে যুক্তি ও সমাজ পরিবর্তনের পথ দেখিয়েছেন।ডক্টর আম্বেদকরের জীবনের মূল নীতি ছিল—সমতা, স্বাধীনতা এবং ভ্রাতৃত্ব। "Liberty, Equality, Fraternity—these are not to be treated as separate items, but as a trinity." তিনি বিশ্বাস করতেন—মানুষকে আগে মানুষ হিসেবে দেখতে হবে, তার পরে অন্য কোনো পরিচয়।

পুরস্কার : ১৯৯০ সালে, তাঁকে ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মান, 'ভারতরত্ন' প্রদান করা হয়।

1956 সালে 6 ই ডিসেম্বর তিনি পরলোকগমন করেন।অবশেষে, বলা যেতে পারে ডঃ বি. আর. আম্বেদকরের একটা কথা আমাদের সর্বদা স্মরণে রাখা উচিত 'মানুষের মধ্যে মানুষের জন্য মনুষ্যত্ব কে জাগাতে হবে'।

Dr. Bhimrao Ramji Ambedkar: A Visionary Beyond Identities in the Modern World

Dr. Sipra Biswas
Assistant Professor, Department of Geography
Kultali Dr. B. R. Ambedkar College

In this context, attention is directed toward a towering personality who is too often circumscribed within a narrow frame of identity—Bhimrao Ramji Ambedkar. He is frequently remembered primarily as a leader of marginalized communities, a proponent of reservation policies, or the chief architect of the Constitution of India. While these roles are undeniably significant, such a limited characterization fails to capture the breadth and depth of his intellectual vision and multifaceted contributions to society.

At his intellectual core, Dr. Ambedkar may be understood as a profound humanist thinker whose life's work was anchored in the pursuit of equality, justice, and human dignity. He maintained that no society can achieve genuine progress unless it ensures equal rights and opportunities for all individuals. Importantly, his ideas

were not merely abstract formulations, rather they were shaped through lived experience and sustained engagement with social inequities.

From an early age, Ambedkar was subjected to acute forms of social discrimination. Practices such as enforced segregation in educational settings and denial of access to basic resources like water were not merely instances of personal humiliation; rather, they exemplified the structural inequalities embedded within the social order. Significantly, these experiences did not engender resentment; instead, they were transformed into a compelling impetus for social reform. His struggle, therefore, transcended the realm of individual redress and was fundamentally oriented toward the creation of a just society in which one's birth would not predetermine one's destiny.

One of the most compelling illustrations of the activism of Ambedkar is found in the Mahad Satyagraha, through which he led a determined struggle to secure the right of marginalized communities to access public water sources—an effort that transcended the issue of water itself and asserted the fundamental principles of human dignity and equal rights. The enduring relevance of this movement is evident even today, as disparities in access to clean water and opportunities persist across various parts of the world. In a similar vein, the Kalaram Temple Entry Movement represented a direct challenge to entrenched religious exclusion, affirming the right of all individuals to enter places of worship and underscoring the conviction that religion ought to serve as a medium of inclusivity and social cohesion rather than a mechanism of discrimination.

Ambedkar firmly upheld the conviction that education constitutes the most potent instrument of social emancipation. His enduring exhortation - "Educate, Agitate, Organize"- continues to serve as a guiding principle for marginalized communities striving for dignity and equality. Despite confronting formidable social and institutional barriers, he pursued higher education with exceptional determination and consistently advocated for the transformative power of knowledge as a pathway to liberation. As the principal architect of the Constitution of India, Ambedkar was instrumental in embedding the foundational principles of justice, equality, and democratic governance within the framework of the nation. The Constitution enshrines core values such as equality before the law, the abolition of untouchability, the protection of fundamental rights, and the principle of secularism - ensuring that these are not privileges confined to a select few, but inalienable rights guaranteed to every citizen, thereby establishing the bedrock of an equitable and inclusive society.

Dr. B. R. Ambedkar was a pioneering advocate of gender justice and labour rights, whose reformist vision sought to restructure Indian society on principles of equality and dignity. Through his efforts to introduce the Hindu Code Bill, he aimed to secure women's rights to property, inheritance, and social recognition, thereby challenging deeply entrenched patriarchal norms. His progressive outlook also extended to labour welfare, where he emphasized the necessity of fair wages, regulated working hours, and comprehensive social security measures, including the provision of paid maternity leave to safeguard both women's well-being and the future of society. As a resolute critic of the caste system, Ambedkar argued that hierarchical social divisions not only

marginalize specific communities but also impede the holistic development of society as a whole, asserting that genuine progress is contingent upon the universal recognition of human dignity. In the contemporary context despite significant technological advancement, persistent challenges such as social inequality, economic disparity, and gender discrimination underscore the enduring relevance of his ideas. Ambedkar thus reminds us that legislative measures alone are insufficient for meaningful transformation; a fundamental shift in societal attitudes is equally imperative. His lifelong struggle was not confined to the upliftment of a particular group but was directed toward the emancipation of the entire society, envisioning a nation grounded in equality, justice, and humanism.

In conclusion, the life and legacy of B. R. Ambedkar offer a profound and enduring lesson for society: meaningful transformation requires not only the reform of laws and institutions but also a fundamental change in collective consciousness and social attitudes. His vision compels us to recognize that justice and equality cannot be fully realized through legal provisions alone unless they are accompanied by a genuine commitment to uphold human dignity in everyday life. Thus, Ambedkar transcends the confines of historical study; he remains a vital intellectual and moral force whose ideas continue to illuminate the path toward a more just, inclusive, and humane future.

আত্মচেতনার আলোয়ে আম্বেদকর

ড. রুপম কুমার দত্ত
ভূগোল বিভাগ, কুলতলী ড.বি.আর আম্বেদক কলেজ(কলিকাতা বিশ্ববিদ্যালয়)

আমি গর্বিত যে আমি বি. আর. আম্বেদকরের মত একজন মহান আত্মার মানুষের নামাঙ্কিত একটি কলেজের অধ্যাপক।মানব প্রেমের জন্য যাঁরা ব্যক্তিসত্তা বিসর্জন দিয়ে আত্মার প্রকৃত অর্থ প্রকাশ করেন, আমাদের কাছে তাঁরাই মহান দ্রষ্টা। প্রেমের সেবায় তাঁরা অপবাদ ও নির্যাতন, বঞ্চনা এমনকি মৃত্যুরও সম্মুখীন হন। তাঁরা সমগ্র জাতির আত্মার জন্য জীবন যাপন করেন, ব্যক্তি সত্তার জন্য নয়। আর এইভাবে আমাদের কাছে তাঁরা মনুষ্যত্বের পরম সত্য প্রমাণ করেন। আমরা তাদের বলে থাকি মহাত্মা, ভীমরাও রামজি আম্বেদকর ছিলেন এই রকমই এক মহান আত্মার 'মানুষ। তিনি বাবা সাহের আম্বেদকর নামেও পরিচিত (১৪ই এপ্রিল, ১৮৯১ -৬ই ডিসেম্বর ১৯৫৬)। এই রকম মহান আত্মার মানুষদের জীবন, জীবন-মৃত্যুর তুচ্ছ সময়সীমার মধ্যে আবদ্ধ নয়।

আমরা তাঁর সত্তাকে একমাত্র তখনই উপলব্ধি করতে পারি যখন আমাদের হৃদয়ের হৃদয় ও আত্মার আত্মা রূপে তাঁকে জানতে পারি।যখন আমরা স্বার্থ ত্যাগ করি ও তাঁর সম্মুখে দাঁড়াই একমাত্র প্রেম ও আনন্দ অনুভবের মধ্যে তাঁকে জানতে পারি।

এই মহান মনীষী প্রকৃতই সত্য উপলব্ধি করেছিলেন যে- মন বিশ্বব্যাপী, তোমার মন, আমার মন, ছোট ছোট এইসব মনই সেই এক বিরাট মনের ক্ষুদ্র অংশ মাত্র, একই মানস সমুদ্রের কয়েকটি ছোট ছোট তরঙ্গ। আর মনের এই নিরবচ্ছিন্নতার জন্যই তিনি বোধ হয় একজন হয়েও ভারতীয় জাতির দলিত ও পিছিয়ে থাকা লক্ষ লক্ষ মানুষের ও নারীর মনের কষ্টকে উপলব্ধি করে, তাদের মঙ্গল করার উদ্দেশ্যে জীবন উৎসর্গ করেছিলেন।

একথা আমাদের সকলেরই জানা যে আন্তরিকতা থাকলে সমাজের মঙ্গল করার উদ্দেশ্যে প্রণালীগুলিকে খুবই ত্বরান্বিত করা সম্ভব ।রবীন্দ্রনাথ ঠাকুরের মতে "এই মঙ্গল প্রতিদিন আমাদের আত্মার পুষ্টি সাধন করে। সুখে আমরা নিজেদের মধ্যে আবদ্ধ, মঙ্গলে আমরা মুক্ত ও সকলের সঙ্গে এক হয়ে থাকি। মাতৃজঠরের শিশু যেমন মায়ের বৃহত্তর জীবনের সঙ্গে পুষ্টি লাভ করে, সেই রকম আমাদের আত্মার পুষ্টি হল মঙ্গলের মধ্যে দিয়ে। এই মঙ্গল অনন্তের সঙ্গে তার অন্তরঙ্গ সম্বন্ধের স্বীকৃতি, তার যোগাযোগের পথ।

হে মহান মনীষি তোমার থেকেই আমাদের জীবনে সুখ, তোমার থেকেই আমাদের আত্মার মঙ্গল, তোমার জন্যই আমাদের সমাজের কল্যান- সেই তোমাকে নমস্কার।

ভারতীয় সংবিধানের জনক ভীমরাও রামজি আম্বেদকর ছিলেন একজন রাজনৈতিক নেতা, দার্শনিক, চিন্তাবিদ, নৃতত্ত্ববিদ, ইতিহাসবিদ, সুবক্তা, বিশিষ্ট লেখক, অর্থনীতিবিদ , শাস্ত্রজ্ঞ, এক কথায় তিনি ছিলেন একজন অসাধারন বহুমুখী প্রতিভার অধিকারি। অতীত, বর্তমান ও ভবিষ্যত ভারতবাসী এনার সৃষ্টিশীল চিন্তাধারার কাছে চিরকৃতজ্ঞ। এমন কিছু নর-নারী পৃথিবীতে জন্মগ্রহণ করেন, যাঁহাদের জীবনে মানবজাতির সম্পূর্ণ উন্নতির পূর্বাভাস সূচিত হয়। আম্বেদকরদের মত মনীষি তাঁরা তাদের সমসাময়িক কালের থেকে বহু বছর পরের ভবিষ্যতকে দেখতে পান, এনারা সত্যদ্রষ্টা, ভবিষ্যৎ ভারতবাসীর কল্যাণ্যের উদ্দেশ্যে বাধার বিন্দ্যাচলকে অতিক্রম করে এমনকিছু মৌলিক চিন্তাভাবনা করেন যা চিরস্থায়ী, ও যুগোপযোগী।

জগতে আজ পর্যন্ত যে সব যথার্থ মৌলিক কল্যানকর চিন্তার উদ্ভব হয়েছে সেগুলির পরিমান মুস্টিমেয়। এখানে আরও একটি প্রশ্নের সৃষ্টি হয় যে তাঁরা এত বড় মহাত্মায় পরিণত হয়েছিলেন কিভাবে? যেমন বিশ্ববরেন্য রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা আমরা বার বার পড়ি কেন? সেগুলি যতবার পড়ি নতুন ভাবে সেগুলিকে উপলব্ধি করতে পারি কেন? শুধু তাহাদের চিন্তা, তাঁহাদের লেখা গ্রন্থ জন্য তাঁরা এত বড় হননি। এইসব ছাড়াও আরও কিছু এই মনীষিদের মধ্যে ছিল; সেটি হল, তাঁদের ব্যক্তিত্ব। স্বামী বিবেকানন্দ মনে করতেন-" সমাজ ও জাতিকে প্রভাবিত করার ক্ষেত্রে মানুষের ব্যক্তিত্বের প্রভাব তিনভাগের দুইভাগ কাজ করে এবং তাঁর বুদ্ধি ও ভাষার প্রভাব তিন ভাগের একভাগ। প্রত্যেকের ভিতরে আমাদের আসল মানুষটি হল আমাদের বক্তিত্ব" ।এই ব্যক্তিত্ব জ্ঞান, চেতনা,

শিক্ষা, প্রেম, শ্রদ্ধা, ভক্তি। এইরকম সূক্ষ্ম অনুভূতির সমন্বয়ে সৃষ্টি হয়। এই ব্যক্তিত্যটাই আসল মানুষ। এই রকম মানুষ বেঁচে থাকলে সমাজের জন্য কল্যাণময় কাজ হতে বাধ্য। সেই কারণেই মহাত্মা আম্বেদকরের একাধিক স্বপ্ন বাস্তবায়িত হয়ে মানুষের হৃদয়ে চিরস্থায়ী আত্মবিশ্বাসের বীজ বপন করেছিলেন।

প্রাকৃতিক যে সব নিয়ম আমাদের জানা আছে, সেগুলিরও পিছনে অতি সূক্ষ্ম সব নিয়ম আছে। আমরা যাকে আত্মা বলি সেটাই সূক্ষ্মতম, আমাদের দেহ স্থূলতম। মনীষি আম্বেদকর নিশ্চয় উপলব্ধি করেছিলেন যে সূক্ষ্মের মধ্যেই প্রচণ্ডতম শক্তি নিহিত থাকে,স্থূলের মধ্যে নয়। সব শক্তিরই যথার্থ আধার হল সূক্ষ্ম অনুভূতি। গভীর মনসংযোগ ও মনের নিয়ন্ত্রনের মাধ্যমেই এইরকম নীতি পরায়নতা ও সততা তাঁকে এক শ্রেষ্ঠ ব্যক্তিত্বে পরিণত করেছিল।

এই কথা অস্বীকার করা যাবে না যে মানুষ তথা সমাজের প্রকৃত দুঃখ এই সত্যের মধ্যে রয়েছে যে সে পূর্ণ প্রকাশিত হতে পারেনি। সে নিজের বাসনা ও চাহিদার মধ্যে হারিয়ে গেছে। সে পরিপার্শ্বিকের বাইরে নিজের সূক্ষ্ম অনুভূতিগুলিকে অনুভব করতে পারেনা, তার বৃহত্তর সত্তা মুছে গেছে এবং প্রকৃত সত্য অনুপলব্ধ থেকে গেছে। এই কারণে সমাজে মানুষের সাম্যের অধিকারের মধ্যে আজও বৈষম্য, কষ্ট, ক্ষোভ জন্ম নেয়। আম্বেদকর তাঁর আত্মার গভীরে যে সাম্যের ভারতবর্ষের স্বপ্ন দেখেছিলেন তার পরিপূর্ণ রূপ অর্জন করতে আমাদের আরো অপেক্ষা ও ধৈর্য্য ধরতে হবে। উপনিষদের সেই মহাবাক্যকে আমাদের আত্মস্থ করতে হবে – " সেই এক আত্মাকে জানো" "অমৃতের এই হলো সেতু"।

আজ থেকে বহু বছর আগে আম্বেদকর যে সাম্যের সমাজ গড়তে লড়াই শুরু করেছিলেন ভাবতে খুব আনন্দ লাগে কুলতলী ড. বি আর আম্বেদকর কলেজের সমস্ত শিক্ষক, শিক্ষিকা, অশিক্ষক বন্দু', ছাত্রছাত্রীরা একত্রিত হয়ে ২০০৫ সাল থেকে সেই সাম্যের আদর্শকে লক্ষ্য করে সুন্দরবনের মত পিছিয়ে পড়া এলাকায় শত শত অনগ্রসর জাতির মানুষ ও নারীদের সুশিক্ষায় শিক্ষিত করে চলেছেন। এই মহাবিদ্যালয়ের স্থাপন ও নামকরণের পিছনে এখানকার স্থানীয় মানুষদের অবদান চিরস্মরণীয়। এইরকম একটি মহাবিদ্যালয়ে ছাত্র ছাত্রী তথা আগামীর ভাবী রাষ্ট্রনায়কদের সেবা প্রদানের মধ্যে আমি পরমানন্দ লাভ করি। হে কুলতলী ড. বি. আর আম্বেদকর কলেজ আমি তোমায় প্রনাম জানাই।

পরিশেষে, আমাদের সকলের মনেরাখা প্রয়োজন যে যখন মানবাত্মা আমিত্বের ভারী পর্দা পাশে সরিয়ে দেয় আর সে তার শাশ্বত প্রেমিকের সামনে এসে দাড়ায়, মনে হয় আমরা সৃষ্টিকর্তাকে এক নতুন সাম্যের জগৎ সৃষ্টি করতে দেখছি।

ডক্টর ভীমরাও রামজি আম্বেদকর সম্পর্কে কিছু কথা

বুল্টি বিশ্বাস
চতুর্থ সেমিস্টার (অনার্স), ভূগোল বিভাগ
কুলতলি ডঃ বি. আর. আম্বেদকর কলেজ

ডক্টর আম্বেদকর ১৮৯১ সালের ১৪ই এপ্রিল মধ্যপ্রদেশের মোহন নামক স্থানে জন্মগ্রহণ করেন। তিনি ছোটবেলা থেকেই অস্পৃশ্যতার মতো সামাজিক বৈষম্যের শিকার হন। কিন্তু তিনি কখনো হাল ছাড়েননি। কঠোর পরিশ্রমের মাধ্যমে উচ্চশিক্ষা লাভ করেন । তিনি কলম্বিয়া ইউনিভার্সিটি এবং লন্ডন স্কুল অফ ইকোনমিক্স এ পড়াশোনা করেন । ডক্টর আম্বেদকর ছিলেন সংবিধানের প্রধান স্থপতি । তিনি সমাজে সমতা এবং স্বাধীনতার জন্য আজীবন সংগ্রাম করেছেন। তিনি দলিত ও পিছিয়ে পড়া মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য নিরলস ভাবে কাজ করেছেন। তার অন্যতম লক্ষ্য ছিল জাতিভেদ প্রথা দূর করা এবং সকল মানুষের জন্য সমান অধিকার নিশ্চিত করা । তিনি বিশ্বাস করতেন শিক্ষা হলো মুক্তির সবচেয়ে বড় পন্থা । ১৯৫৬ সালে তিনি বৌদ্ধ ধর্ম গ্রহণ করেন এবং অনেক অনুরাগীকে সেই পথে অনুপ্রাণিত করেন। ডক্টর আম্বেদকর ১৯৫৬ সালের ৬ই ডিসেম্বর পরলোক গমন করেন কিন্তু তার চিন্তাধারা ও আদর্শ আজও আমাদের পথ দেখায়। শেষে আমি বলতে চাই। আমরা যদি তার আদর্শ অনুসরণ করি তবে আমরা একটি সমান ও ন্যায়ভিত্তিক সমাজ গড়ে তুলতে পারব।

মহান ব্যাক্তি ডক্টর ভীমরাও রামজি আম্বেদকর

সুস্মিতা সর্দার
চতুর্থ সেমিস্টার (অনার্স), ভূগোল বিভাগ
কুলতলি ডঃ বি. আর. আম্বেদকর কলেজ

অন্ধকারে জন্ম তার, তবুও চোখে আলো,
শৃংখল ভেঙে গড়লেন তিনি নতুন দিনের আলো।
কলম ছিল অস্ত্র তার, জ্ঞান ছিল ঢাল,
সমতার গান গেয়ে গড়লেন নতুন দিনের কাল।

এই মহান ভারতবর্ষে অন্যতম একটি উজ্জ্বল নক্ষত্র ছিলেন ডঃ বি আর আম্বেদকর, ওনার বাল্য বেলায় নাম ছিল ভীমরাও রামজি সকপাল, পরবর্তীকালে নাম হয়েছিল ভীমরাও রামজি আম্বেদকর, এবং এরপরেও তিনি দাদাসাহেব আম্বেদকর নামেও খ্যাতিলাভ করেছিলেন। তিনি বলেছিলেন যে "জীবন দীর্ঘ না হয়ে মহান হওয়া উচিত" তিনি

তা আমাদেরকে প্রমাণ দিয়ে গেছেন, তার মহান কাজের মাধ্যমে। আমাদের বলতে গর্ববোধ হয় তাঁর মত একজন মহান ব্যক্তি এই ভারতে জন্মগ্রহণ করেছিলেন। ভারতের মধ্যপ্রদেশে মাহউ তে ১৪ ই এপ্রিল ১৮৯১ সালে তিনি জন্মগ্রহণ করেছিলেন। শুধুমাত্র ভারতেই নয়, তিনি বিশ্বজুড়ে বিখ্যাত ছিলেন। তিনি স্বাধীন ভারতের প্রথম আইন মন্ত্রী ও বিচারমন্ত্রী ছিলেন। তিনি দলিত ও শোষিত শ্রেনীর অধিকার আদায়, সামাজিক বৈষম্য দূরীকরনে সংগ্রাম করেছিলেন। তিনি একজন দূরদর্শী নেতা। তিনি ভারতের একটি অন্তর্ভুক্তি মূলক গণতান্ত্রিক কাঠামো তৈরি করতে জীবন উৎসর্গ করেছিলেন। তিনি খসড়া কমিটির সভাপতি ও ছিলেন, তিনি একজন উচ্চ শিক্ষিত ও বুদ্ধিজীবী মানুষ ছিলেন তার ঝুলিতে ছিল ৩২টি ডিগ্রি-

1. B.A., 2. M.A. 3. M.SC. 4. L.L.B. 5. Ph.D. 6. DSS 7. LL. D 8. D.Litt. 9. LLM 10. Barrister-at-Law 11. M.A. in ECONOMICS 12. MEc in ECONOMICS 13. M.A. in SOCIOLOGY 14. M.Sc. in SOCIOLOGY 15. M.A. in HISTORY 16. M.A. in POLITICS 17. M.A. in ANTHROPOLOGY 18. M.A. in MATHEMATICS 19. M.A. in LAW & JUSTICE ইত্যাদি ডিগ্রি ছিল।তিনি জ্ঞানের প্রতিক হিসাবে পরিচিত এবং Ph.D. অর্জনকারী প্রথম দক্ষিণ এশিয়াদের একজন। তিনি ৯ টি ভিন্ন ভাষায় অনর্গল কথা বলে যেতে পারতেন এবং তার লেখা সংবিধান পৃথিবীর শ্রেষ্ঠ সংবিধান নামে পরিচিত, যা সারা বিশ্বে খ্যাতি লাভ করেছে। এই মহান ব্যক্তির পিতা ছিলেন রামজি মালজি সাকপাল এবং মাতা ছিলেন ভীমবাই সাকপাল। তার স্ত্রী ছিলেন রমাবাই আম্বেদকর ও পরে সবিতা আম্বেদকর। তার মোট পাঁচটি সন্তান ছিল তার মধ্যে দুটি ছেলে ও তিনটি মেয়ে। তবে দুঃখজনকভাবে বেশির ভাগ সন্তান ছোট বয়সে মারা যায়। পুত্র যশোবন্ত আম্বেদকর একমাত্র পুত্র যিনি বেঁচে ছিলেন । আর কন্যা রমাবাই। ডক্টর বি আর আম্বেদকরের উল্লেখযোগ্য রচনাবলী ও মতাদর্শ ছিল। তিনি একজন প্রখর পন্ডিত ছিলেন তার বিখ্যাত বই গুলির মধ্যে "অ্যানিহিলেসন অফ কাস্ট", “দ্যা প্রবলেম অফ রুপি" যার থেকে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ধারণাটি এসেছে। এবং "হু ওয়ার দ্যা শুদ্রাস" উল্লেখযোগ্য ছিল। তিনি স্বাধীন, সমতা এবং ভ্রাতৃত্বের আদর্শে বিশ্বাসী ছিলেন, তিনি আমাদের প্রত্যেকের মনে সারা জীবন থেকে যাবেন, তিনি মাত্র ৬৫ বছর বয়সে ভারতের নয়া দিল্লিতে মৃত্যুবরণ করেছিলেন এবং মৃত্যুর ৩৪ বছর পর তিনি ভারতরত্ন পুরস্কার পেয়েছিলেন। তিনি হিন্দু হয়ে জন্মেও হিন্দু হয়ে মৃত্যুবরণ করতে চাননি তাই তিনি শেষ বয়সে বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন, সাথে তার হাজার হাজার অনুগামীরা ও ছিল। পরিশেষে একটাই কথা বলার যে - হে আম্বেদকর আমাদের পথ আজও মলিন, তোমার আদর্শে গড়ে উঠুক নতুন ভোরের দিন।

ড. ভীমরাও আম্বেদকরের ১৩৫ তম জন্মজয়ন্তী

অধ্যাপক মধুসূদন হাউলী

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ



ভারত তথা বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ সমাজ সংস্কারক, আইনবিদ্, দার্শনিক এবং ভারতীয় সংবিধানের প্রধান স্থপতি ডঃ বি. আর. আম্বেদকর। তাঁর ১৩৫তম জন্মবার্ষিকী ২০২৬ সালে আমাদের কুলতলী ডঃ বি.আর.আম্বেদকর কলেজ প্রাঙ্গনে পালনীয় উপলক্ষ্যে আমার কিছু বক্তব্য তুলে ধরলাম-

ডঃ বি.আর.আম্বেদকর আজ সারা বিশ্বের কাছে সাম্য, ন্যায়বিচার এবং মানবিকতার এক উজ্জ্বলতম প্রতীক।ড. ভীমরাও রামজী আম্বেদকার ১৮৯১ সালের ১৪ই এপ্রিল মহারাষ্ট্রের তথাকথিত অস্পৃশ্য জাতির অন্তর্ভুক্ত মাহার পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ছোটবেলা থেকেই উচ্চবর্ণের পক্ষপাত

ও বঞ্চনার শিকার হওয়ায় সারাজীবন জাতিভেদ ও অস্পৃশ্যতার বিরুদ্ধে আন্দোলন করেছিলেন। নানা প্রতিকূলতা সত্বেও নিজ মেধাবলে তিনি অর্থনীতি, রাজনীতি, সমাজতত্ব এবং সামাজিক বিজ্ঞানের বিভিন্ন শাখায় অসাধারণ পাণ্ডিত্য অর্জন করেছিলেন। একজন আইনজ্ঞ ও সাংবিধানিক বিশেষজ্ঞ হিসাবে যথেষ্ট খ্যাতি অর্জন করেন। তিনি স্বাধীন ভারতের সংবিধান রচনার কাজে নিয়োজিত গণপরিষদের খসড়া কমিটির সভাপতি নিযুক্ত হয়েছিলেন। তিনি স্বাধীন ভারতের প্রথম ক্যাবিনেট আইনমন্ত্রীও হয়েছিলেন, যদিও নিম্নবর্গীয় মানুষজনের স্বার্থেই ১৯৫১ সালে মন্ত্রীসভা থেকে পদত্যাগ করে ভারতে সামাজিক ন্যায় প্রতিষ্ঠার জন্য নানা সামাজিক সংস্কার আন্দোলন ও সমাজবিপ্লবের মাধ্যমে সামাজিক পরিবর্তন সাধনের কাজে জীবনের শেষদিন পর্যন্ত নিজেকে নিয়োজিত রেখেছিলেন। ডঃ আম্বেদকর কেবল একজন আইনজ্ঞ ছিলেন না, তিনি ছিলেন পিছিয়ে পড়া মানুষের কণ্ঠস্বর। তিনি বিশ্বাস করতেন যে, একটি রাষ্ট্র ততক্ষণ পর্যন্ত শক্তিশালী হতে পারে না, যতক্ষণ না তার প্রতিটি নাগরিক সমান অধিকার পায়। জাতিভেদ প্রথা দূর করতে এবং অস্পৃশ্যতার বিরুদ্ধে তিনি যে আন্দোলন করেছিলেন, তা ভারতের ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।

ভারতের সংবিধান রচনার খসড়া কমিটির সভাপতি হিসেবে তিনি এক অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছিলেন। বৈচিত্র্যময় ভারতের জন্য এমন একটি সংবিধান তৈরি করা, যা সবার অধিকার রক্ষা করবে-এটি ছিল এক বিশাল কাজ। তার দূরদর্শিতার ফলেই আজ ভারত বিশ্বের বৃহত্তম গণতন্ত্র হিসেবে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। **আম্বেদকর বলতেন, "আমি একটি সমাজের অগ্রগতি পরিমাপ করি নারীদের অগ্রগতির মাত্রা দিয়ে।** "তিনি হিন্দু কোড বিলের মাধ্যমে নারীদের সম্পত্তিতে অধিকার এবং আইনি সুরক্ষা দেওয়ার জন্য লড়াই করেছিলেন।

শিক্ষার গুরুত্ব বোঝাতে তিনি বলেছিলেন- "শিক্ষিত হও, সংগঠিত হও এবং আন্দোলন করো"।

ড. বি. আর আম্বেদকর 'ভারতের নিপীড়িত জনগোষ্ঠী' বলতে বুঝিয়েছিলেন ভারতের সেইসব অনুন্নত গোষ্ঠীর লোকদেরকে যাদেরকে ভারতের উচ্চবর্ণের লোকেরা ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করে এবং যাদেরকে ভারতের উচ্চবর্ণের লোকেরা নানা অছিলায় উন্নত হতে দেয় না। শুধু তাই নয়, ভারতের নিপীড়িত জনগোষ্ঠীভুক্ত লোকদেরকে এমন সব কাজ করতে বাধ্য করা হয় যেগুলি উচ্চবর্ণের লোকদের কাছে অপরিহার্য বলে গণ্য হলেও 'হীন কাজ ' এবং এইসব হীন কাজের জন্য তাদেরকে মানসিক ও শারীরিক অপমান এবং লাঞ্ছনার মধ্যে নিক্ষেপ করা হয়। এক কথায়, ড. আম্বেদকর 'ভারতের নিপীড়িত জনগোষ্ঠী' বলতে বুঝিয়েছেন ভারতের সেইসব অনুন্নত গোষ্ঠীকে যারা জীবনযাত্রার ন্যূনতম প্রয়োজন থেকে বঞ্চিত এবং যারা ভারতের উচ্চবর্ণের লোকদের দ্বারা চরমভাবে শোষিত, নির্যাতিত, অপমানিত ও অবহেলিত।

ভারতের নিপীড়িত জনগোষ্ঠীগুলির জন্য সামাজিক ন্যায় সুনিশ্চিত করতে ড. বি. আর. আম্বেদকর-এর কতকগুলি সুনির্দিষ্ট প্রস্তাব ছিল। প্রস্তাবগুলি হলো নিম্নরূপ:

(১) ভারতের নিপীড়িত জনগোষ্ঠীগুলিকে পানীয় জলের জন্য পুকুর ব্যবহার করতে দেওয়া হোক।
(২) তাদেরকে হিন্দু দেব-দেবীর মন্দিরে প্রবেশ করার অধিকার দেওয়া হোক।
(৩) উচ্চবর্ণের হিন্দুদের বাড়ীতে তাদের বেগার খাটা প্রথার রদ হোক।
(৪) তাদের মধ্যে শিক্ষার বিস্তার ঘটানো হোক যাতে তারা সচেতন হতে পারে ও মাথা তুলে দাঁড়াতে পারে।
(৫) সমাজের একটা বড়ো অংশের জনগণ গায়ের জোরে তাদের উপর যে প্রভাব খাটিয়ে আসছে তা বন্ধ হোক।
(৬) জীবনযাত্রা নির্বাহের জন্য ন্যূনতম প্রয়োজন থেকে তারা যাতে বঞ্চিত না হয় সেদিকে দৃষ্টি দেওয়া হোক।
(৭) তাদের অধঃপতিত ও অবজ্ঞাত সামাজিক অবস্থানের অবসানের মাধ্যমে তাদের যোগ্য মানবিক মর্যাদাদানের ব্যবস্থা করা হোক।
(৮) তাদের ছাত্রছাত্রীদের জন্য ছাত্রবৃত্তির ব্যবস্থা করা হোক।
(৯) সামরিক বাহিনী ও পুলিশ বাহিনীতে তাদের নিয়োগের ব্যবস্থা করা হোক।
১০) সামাজিক ও সাংস্কৃতিক কাজকর্মে তাদের ব্যাপকভাবে সংযুক্ত করার ব্যবস্থা করা হোক।

(১১) বিভিন্ন সরকারী কমিটিতে তাদের প্রতিনিধিদের অন্তর্ভুক্তির ব্যবস্থা করা হোক।
(১২) উচ্চবর্ণের লোকদের দ্বারা তাদের প্রতি যুগ যুগ ধরে যে বৈষম্য করা হয়েছে তার ক্ষতিপূরণ হিসাবে উচ্চবর্ণের লোকদের প্রতি পাল্টা বৈষম্য করা হোক এবং তার জন্য কেন্দ্রীয় ও প্রাদেশিক আইনসভায় তাদের স্বার্থে আসন-সংরক্ষণের ব্যবস্থা, সরকারী চাকরিতে পদ সংরক্ষণের ব্যবস্থাসহ সংরক্ষণমূলক বিশেষ কিছু সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা করা হোক।

তাঁর জন্মজয়ন্তী দিনটি কেবল একটি জন্মদিন নয়, বরং এটি অনগ্রসর ও শোষিত মানুষের অধিকারের লড়াই। এই দিনটির কতকগুলি তাৎপর্য গত দিক হল -

1) জাতিভেদ প্রথা দূর করে সমাজের সকল মানুষের মধ্যে সাম্য প্রতিষ্ঠা করাই ছিল তাঁর জীবনের লক্ষ্য।
2) ভারতের সংবিধান রচয়িতা হিসেবে তিনি নাগরিক অধিকার ও গণতান্ত্রিক কাঠামোর ভিত্তি তৈরি করেছিলেন।
3) তিনি বিশ্বাস করতেন, শিক্ষা হলো একমাত্র হাতিয়ার যা শৃঙ্খল ভাঙতে সাহায্য করে।

সারা ভারতে অত্যন্ত শ্রদ্ধা ও উৎসাহের সাথে এই দিনটি পালিত হয়।
আমারও কর্মজীবন ডঃ বি.আর. আম্বেদকর নামাঙ্কিত একটি শিক্ষা প্রতিষ্ঠানে ২০০৫ সাল থেকে শুরু হয়। সেই প্রত্যন্ত অঞ্চলের নাম কুলতলী। সেই শিক্ষা প্রতিষ্ঠানের নাম কুলতলী ড. বি.আর. আম্বেদকর কলেজ। সেই সময়ে প্রত্যন্ত সুন্দরবন এলাকার গরিব ও মেধাবী ছাত্র ছাত্রীরা পড়াশোনায় ভাল ফলাফলের মাধ্যমেই কলিকাতা বিশ্ববিদ্যালয় তথা আমাদের কলেজের সুনাম বৃদ্ধি করে।বাবাসাহেব আম্বেদকরের কর্ম প্রচেষ্টার বাস্তবায়ন স্বরূপ অধ্যাপক অধ্যাপিকাদের ও ছাত্র ছাত্রীদের ঐকান্তিক প্রচেষ্টার ফলে ও আমার দীর্ঘ ২১ বছরের শিক্ষাজীবনের অভিজ্ঞতায় কুলতলী ডঃ বি.আর.আম্বেদকর কলেজ আজকের সুদূর প্রসারী রুপ ধারন করেছে।

ডঃ বাবাসাহেব আম্বেদকরের ১৩৫তম জন্মদিনে সকল অধ্যাপক,অধ্যাপিকা,ছাত্র ছাত্রীরা আমাদের শপথ নিতে হবে যে:

১) আমরা জাতি-ধর্ম নির্বিশেষে সবাইকে সম্মান করি।
২)শিক্ষার আলোকে নিজেকে এবং সমাজকে আলোকিত করি।
৩)সংবিধানের আদর্শ মেনে চলি এবং কুসংস্কারমুক্ত সমাজ গড়ি।

বাবা সাহেব আম্বেদকর কেবল একটি বিশেষ শ্রেণির নেতা ছিলেন না, তিনি ছিলেন সমগ্র মানবজাতির আলোকবর্তিকা। আসুন, আমরা তাঁর আদর্শকে জীবনে প্রতিফলিত করি।

ডক্টর ভীমরাও রামজি আম্বেদকর

বাপি হালদার
ষষ্ঠ সেমিস্টার (অনার্স), ভূগোল বিভাগ
কুলতলি ডঃ বি. আর. আম্বেদকর কলেজ

ডক্টর আম্বেদকর তুমি যে,
ভারত মায়ের অভাগা সন্তান।
তোমার মত জ্ঞানি ব্যাক্তি,
ভারতের কাছে খুবই দুর্লভ।
বিলেতে গিয়ে আনিলে তুমি,
অসীম জ্ঞান অর্জন করি।
তবুও তোমাকে সম্মান দিলনা
নিজের দেশবাসী।
স্ত্রী, পুত্র মারা গেল যবে
ভাবিছিলে বসে তুমি একা।
কি করা যায় দেশের মানুষ নিয়ে
কেমন করে দূর হবে কুসংস্কারের ছায়া।
মানুষে মানুষে ভেদাভেদ
জাতপাত নিয়ে,
ঈশ্বর সবাইকে দ্যাখেন
নিজের সন্তানের মত করে।

অন্ধকার থেকে আলোর পথে

সোনালি পয়ড়া
ষষ্ঠ সেমিস্টার (অনার্স), ভূগোল বিভাগ
কুলতলি ডঃ বি. আর. আম্বেদকর কলেজ

ভীমরাও রামজি আম্বেদকর ছোটবেলায় অনেক কষ্টের মধ্যে বড় হয়েছিলেন। তিনি এমন এক সমাজে জন্মেছিলেন যেখানে জাতের কারণে মানুষকে অপমান সহ্য করতে হতো। স্কুলে পড়ার সময় অনেকেই তাকে পাশে বসতে দিত না, তবুও তিনি পড়াশোনা ছাড়েননি।
ছোটবেলা থেকেই তিনি বুঝেছিলেন—শিক্ষাই মানুষের জীবনের সবচেয়ে বড় শক্তি। কঠোর পরিশ্রম করে তিনি বিদেশে গিয়ে উচ্চশিক্ষা লাভ করেন। পরে দেশে ফিরে সমাজের অবহেলিত মানুষের অধিকার রক্ষার জন্য কাজ শুরু করেন।

তিনি শুধু একজন শিক্ষিত মানুষই ছিলেন না, তিনি ছিলেন একজন সমাজ সংস্কারক। ভারতের সংবিধান তৈরিতে তার গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। মানুষের সমতা, স্বাধীনতা ও ন্যায়বিচারের জন্য তিনি সারাজীবন সংগ্রাম করেছেন। আজও ড. আম্বেদকর আমাদের শেখান—কঠিন পরিস্থিতি থাকলেও শিক্ষা ও আত্মবিশ্বাস মানুষকে সফলতার পথে নিয়ে যেতে পারে।

বি. আর. আম্বেদকর : দেবতাকরণ, তার যৌক্তিকতা এবং আম্বেদকরের সম্ভাব্য অবস্থান

মিলন নাটুয়া
সহকারী অধ্যাপক
দর্শন বিভাগ
কুলতলি ডঃ বি. আর. আম্বেদকর কলেজ

ভারতীয় সমাজব্যবস্থার ইতিহাসে এমন কিছু ব্যক্তিত্ব আছেন যাঁদের প্রভাব কেবল রাজনৈতিক বা বৌদ্ধিক ক্ষেত্রেই সীমাবদ্ধ নয়; তাঁরা নিপীড়িত মানুষের আত্মপরিচয়, আত্মমর্যাদা এবং মুক্তির প্রতীক হয়ে ওঠেন। ড. বি. আর. আম্বেদকর সেই ধরনেরই এক ঐতিহাসিক ব্যক্তিত্ব। আজ ভারতের বহু দলিত, পিছিয়ে পড়া ও বঞ্চিত জনগোষ্ঠী তাঁকে শুধু একজন রাজনৈতিক নেতা বা সংবিধান প্রণেতা হিসেবে নয়, বরং এক প্রকার "দেবতা", "মুক্তিদাতা" বা "মহামানব" হিসেবে বিবেচনা করেন। তাঁর মূর্তিতে মাল্যদান, তাঁর জন্মদিনকে উৎসব হিসেবে পালন, তাঁর ছবিকে পূজার আসনে স্থাপন—এসব আজ সামাজিক বাস্তবতার অংশ। কিন্তু প্রশ্ন হলো, এই দেবতাকরণের কি কোনো যৌক্তিক ভিত্তি আছে? এবং আরও গুরুত্বপূর্ণ প্রশ্ন—আম্বেদকর নিজে কি এই ধরনের দেবতাকরণকে সমর্থন করতেন? এই প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে আমরা আম্বেদকরের জীবন, তাঁর সংগ্রাম, তাঁর দর্শন এবং নিপীড়িত মানুষের সামাজিক মনস্তত্ত্ব—সবকিছুকে এই প্রবন্ধে সংক্ষেপে আলোচনা করব।

<u>আম্বেদকর : নিপীড়িত মানুষের মুক্তির প্রতীক</u>

আম্বেদকরের জন্ম এমন এক সমাজে, যেখানে জাতিভেদ প্রথা মানুষের মৌলিক মর্যাদাকেই অস্বীকার করত। তথাকথিত "অস্পৃশ্য" হিসেবে জন্ম নেওয়ার কারণে তাঁকে ছোটবেলা থেকেই চরম অপমান ও বৈষম্যের শিকার হতে হয়েছিল। বিদ্যালয়ে আলাদা বসতে বাধ্য হওয়া, জল স্পর্শ করতে না দেওয়া, সামাজিক বর্জন—এসব অভিজ্ঞতা তাঁর চেতনাকে গভীরভাবে প্রভাবিত করে। কিন্তু তিনি এই অপমানকে ভাগ্য হিসেবে মেনে নেননি; বরং শিক্ষা ও সংগ্রামের মাধ্যমে প্রতিরোধ গড়ে তুলেছিলেন।

উচ্চশিক্ষা অর্জন করে তিনি শুধু নিজের ব্যক্তিগত উন্নতি করেননি, বরং সমগ্র দলিত সমাজের অধিকার প্রতিষ্ঠার জন্য আন্দোলনে নেমেছিলেন। তিনি স্পষ্টভাবে বুঝেছিলেন যে, রাজনৈতিক স্বাধীনতা অর্থহীন যদি সমাজের একটি বৃহৎ অংশ সামাজিক দাসত্বে আবদ্ধ থাকে। তাই তিনি জাতিভেদ প্রথার বিরুদ্ধে তীব্র আক্রমণ করেছিলেন। তাঁর বিখ্যাত গ্রন্থ *Annihilation of Caste*-এ তিনি দেখিয়েছিলেন যে, হিন্দু সমাজের বর্ণব্যবস্থা মানুষের স্বাধীনতা ও সমতার পরিপন্থী।

তিনি দলিতদের রাজনৈতিক প্রতিনিধিত্বের দাবি তুলেছিলেন, পৃথক নির্বাচকমণ্ডলীর পক্ষে যুক্তি দিয়েছিলেন এবং পরবর্তীকালে ভারতীয় সংবিধানে সমতা, স্বাধীনতা ও সামাজিক ন্যায়বিচারের নীতি প্রতিষ্ঠা করেছিলেন। সংবিধানের মাধ্যমে তিনি আইনগতভাবে অস্পৃশ্যতাকে নিষিদ্ধ করেন এবং পিছিয়ে পড়া শ্রেণীর জন্য সংরক্ষণের ব্যবস্থা করেন। ফলে শতাব্দীর পর শতাব্দী ধরে অবদমিত মানুষ প্রথমবার রাষ্ট্রের স্বীকৃত নাগরিক হিসেবে আত্মমর্যাদা লাভের সুযোগ পায়।

এই কারণেই বহু দলিত ও পিছিয়ে পড়া মানুষের কাছে আম্বেদকর কেবল একজন নেতা নন; তিনি এমন একজন ব্যক্তি যিনি তাঁদের মানুষ হিসেবে মর্যাদা দিয়েছেন। ফলে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা ও আবেগ জন্ম নেওয়া স্বাভাবিক।

দেবতাকরণের সামাজিক ও মানসিক ভিত্তি

যে সমাজ দীর্ঘদিন ধরে অপমানিত ও বঞ্চিত থাকে, সেই সমাজ প্রায়ই এমন এক প্রতীক খুঁজে বেড়ায় যার মাধ্যমে তারা আত্মমর্যাদা পুনরুদ্ধার করতে পারে। দলিত সমাজের ক্ষেত্রে আম্বেদকর সেই প্রতীকে পরিণত হন। তিনি তাঁদের মধ্যে আত্মবিশ্বাস জাগিয়েছিলেন এবং বলেছিলেন—"শিক্ষিত হও, সংগঠিত হও, আন্দোলন করো।" এই আহ্বান নিপীড়িত মানুষের মধ্যে নতুন চেতনা সৃষ্টি করেছিল। ভারতীয় সংস্কৃতিতে মহান ব্যক্তিকে দেবতুল্য মর্যাদা দেওয়ার প্রবণতা নতুন নয়। ধর্মীয় ও সামাজিক ইতিহাসে বহু নেতা ও সাধককে মানুষ প্রায় পূজ্য স্থানে বসিয়েছে। সেই ধারাবাহিকতায় আম্বেদকরও বহু মানুষের কাছে "বাবাসাহেব" হিসেবে এক আবেগময় ও পবিত্র প্রতীকে পরিণত হন। এছাড়া দেবতাকরণের একটি রাজনৈতিক দিকও রয়েছে। দীর্ঘদিন ধরে যে সমাজকে বলা হয়েছে তারা "নীচু", তারা যখন আম্বেদকরকে দেবতার আসনে বসায়, তখন সেটি এক অর্থে সামাজিক প্রতিরোধও বটে। এটি সেই ঐতিহাসিক অপমানের বিরুদ্ধে আত্মমর্যাদার ঘোষণা।

দেবতাকরণের সমস্যা : যুক্তি

তবে এখানেই একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন উঠে আসে। কোনো ব্যক্তিকে দেবতার আসনে বসালে তাঁর চিন্তা ও কর্মকাণ্ড কি সমালোচনার ঊর্ধ্বে চলে যায় না? যুক্তিবাদী দৃষ্টিকোণ থেকে দেখলে, ব্যক্তিপূজা প্রায়ই সমালোচনামূলক চিন্তার পথে বাধা হয়ে দাঁড়ায়। একজন মানুষ যত মহানই হোন না কেন, তাঁকে প্রশ্নাতীত সত্য হিসেবে মেনে নেওয়া গণতান্ত্রিক ও বৌদ্ধিক চেতনার পরিপন্থী।

আম্বেদকর নিজে ছিলেন গভীরভাবে যুক্তিবাদী চিন্তার সমর্থক। তিনি ধর্মীয় কুসংস্কার, অন্ধবিশ্বাস এবং সামাজিক গোঁড়ামির তীব্র সমালোচনা করেছিলেন। তিনি বিশ্বাস করতেন যে, মানুষের মুক্তি সম্ভব শিক্ষা, যুক্তি ও সামাজিক সংগ্রামের মাধ্যমে। ফলে তাঁর চিন্তাকে যদি প্রশ্নহীন ভক্তিতে রূপান্তর করা হয়, তাহলে সেটি তাঁর নিজের দর্শনের বিরুদ্ধেই যায়।

ব্যক্তিপূজার আরেকটি বিপদ হলো, এতে ব্যক্তি গুরুত্বপূর্ণ হয়ে ওঠে, কিন্তু তাঁর আদর্শ ও নীতিগুলি আড়ালে চলে যেতে পারে। মানুষ যদি কেবল আম্বেদকরের ছবি পূজা করে কিন্তু তাঁর সমতা, যুক্তিবাদ ও সামাজিক ন্যায়বিচারের আদর্শকে বাস্তবে অনুসরণ না করে, তবে সেই শ্রদ্ধা অর্থহীন হয়ে পড়ে।

আম্বেদকর নিজে কি এই দেবতাকরণ মেনে নিতেন?

আম্বেদকরের বক্তব্য ও লেখালেখি বিচার করলে মনে হয়, তিনি ব্যক্তিপূজাকে সমর্থন করতেন না। তিনি গণতন্ত্রে "hero worship" বা নায়কপূজার বিপদের কথা উল্লেখ করেছিলেন। তাঁর মতে, কোনো সমাজ যদি ব্যক্তিকে অতিরিক্ত গুরুত্ব দেয়, তবে গণতন্ত্র দুর্বল হয়ে পড়ে এবং স্বাধীন চিন্তার বিকাশ বাধাগ্রস্ত হয়। তিনি চাইতেন

মানুষ আত্মনির্ভরশীল ও সচেতন হোক। তাঁর লক্ষ্য ছিল এমন একটি সমাজ গঠন করা যেখানে মানুষ নিজের মর্যাদা সম্পর্কে সচেতন হবে এবং যুক্তির ভিত্তিতে সিদ্ধান্ত নেবে। তাই সম্ভবত তিনি মানুষের ভালোবাসা ও শ্রদ্ধা গ্রহণ করলেও নিজেকে দেবতা হিসেবে প্রতিষ্ঠা করার ধারণাকে সমর্থন করতেন না। তিনি হয়তো বলতেন, "আমাকে পূজা করো না; বরং আমি যে অন্যায়ের বিরুদ্ধে লড়েছি, সেই অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যাও।" কারণ তাঁর কাছে ব্যক্তির চেয়ে আদর্শ বেশি গুরুত্বপূর্ণ ছিল।

সবশেষে বলা যায়, আম্বেদকরকে দেবতার মতো দেখা নিছক অন্ধ আবেগ নয়; এর পেছনে রয়েছে শতাব্দীর পর শতাব্দীর নিপীড়নের ইতিহাস, আত্মমর্যাদার আকাঙ্ক্ষা এবং মুক্তির সংগ্রাম। তাই সামাজিক ও মানসিক দিক থেকে এই প্রবণতার একটি বাস্তব ভিত্তি আছে। কিন্তু যুক্তিবাদী দৃষ্টিতে কোনো ব্যক্তিকে প্রশ্নাতীত দেবত্ব দেওয়া বিপজ্জনক হতে পারে, কারণ তা সমালোচনামূলক চিন্তা ও গণতান্ত্রিক চেতনাকে দুর্বল করে।

আম্বেদকরের জীবন ও দর্শন বিচার করলে মনে হয়, তিনি ব্যক্তিপূজার বদলে শিক্ষা, যুক্তিবাদ, সামাজিক ন্যায়বিচার এবং মানবমুক্তির আদর্শকেই বেশি গুরুত্ব দিতেন। তাই তাঁর প্রতি প্রকৃত শ্রদ্ধা হবে তাঁকে দেবতা বানানো নয়, বরং তাঁর দেখানো পথে সমাজে সমতা ও মর্যাদা প্রতিষ্ঠার জন্য কাজ করা।

কুলতলী ডঃ বি আর আম্বেদকর কলেজ

ভাস্কর নাইয়া
শিক্ষাবিজ্ঞান বিভাগ
কুলতলী ডঃ বি আর আম্বেদকর কলেজ

সবুজে ঘেরা গ্রাম
সেথা আছে সুন্দরী গরান ,
তারাই মাঝে রয়েছে
ছোট্ট একটি গ্রাম।।

গ্রামের ঐ প্রান্তরে
সবুজের অন্তরালে,
দাঁড়িয়ে আছে ওই দূরে
ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান।।

কুসংস্কারের বেড়াজালে
জ্ঞানেরও শিখা জ্বেলে,
প্রতিষ্ঠানের হয়েছে সুনাম
Dr. B. R. আম্বেদকর তারই নাম।।

কুলতলির কলেজ রূপে
বাবা সাহেব তুমি এসে,
বাড়িয়েছো সম্মান
তোমাকে জানাই প্রণাম।।

Dr. B.R. Ambedkar and his relevance in the 21st century India

Payel Basu

Assistant Professor, Department of English

Kultali Dr. B. R. Ambedkar College

"I measure the progress of a community by the degree of progress which women have achieved." Dr. B.R. Ambedkar in his address to the All-India Women's Conference on July 20, 1942.

In a patriarchal societal structure like India where women have often been relegated to the fringes, such strong proclamation by Ambedkar in the 20th century is not simply revolutionary but can be considered as one of the early extant of feminist voice and this vision of structuring a MODERN INDIA in a pre- independent setup found expression through his drafting of the constitution post- independence. In a similar vein to the progressive minds of Indian intellectuals earlier, Ambedkar too had felt the pressing need for women empowerment to lead India towards progress and development.

Ambedkar's lifelong struggle against caste hierarchy in India is a widely known fact to all. His first- hand experience of caste discrimination, oppression and exploitation fuelled his activist works of the future. Throughout his growing-up days he had witnessed the atrocities inflicted upon the Dalits, the so called 'Untouchables' of the society. Years later as the Chairman of the Drafting Committee for the Indian Constitution, his provisions for the upliftment of the oppressed and the backward classes led to the foundation of a holistic approach of unifying humanity traversing barriers.

So, the pivotal question that rings in my mind as I write this today is why even in the 21st century on his 135th birth anniversary Dr. B. R. Ambedkar is still relevant. To regard him as an intellectual, a social thinker, a feminist, a social activist, the architect of a better India are but only partial renditions of his identity. A boy whose indomitable will to rise in society through the power of knowledge against all odds, is a SYMBOL of courage, resilience and perseverance to me. It is easy to flow with the tide and become one of the many but it is hard to float against the tide and even harder to become the tide oneself and be 'the one' amongst the many. Ambedkar could successfully become the tidal force to usher in the change in the society. A man who with years of painstaking dedication frames the constitution of India but doesn't hesitate to state that if the

constitution fails to serve its purpose, then he will be the first person to burn it, cannot simply be an idealist. To me he is a REALIST who like the phoenix has the potential to rise from his own ashes and re-create that which the nation requires in its journey towards progress. Transgressing the mortal domain, Ambedkar to me stands for an IDEA which lives on across generations and is propagated deep within our minds to think, to stir the world and change inside out for the betterment of ourselves and the world.

He is the VOICE of justice for the voiceless faceless automatons, the SPINE for a nation where multitudes today are spineless, the FORCE for social change, a METAPHOR for equality against plethora of divisive forces in the society, a DREAM which every citizen of humanity should dream to evolve as more 'humane'. A person whose PhD thesis "The Problem of the Rupee" in 1923 had the potential to reshape Indian Economy and led to the foundation of the Reserve Bank of India in 1935 is no doubt a VISIONARY. Thus, whenever across the globe today we protest against injustice, work tirelessly to make the world a better place for our future generations, think of greater good than merely our own, talk of equality, respect and liberty for all irrespective of religion, caste, creed, colour, sex and emerge as truly humans, 'Ambedkars' are born and reborn every moment across spatiotemporal boundaries.

আলোর পথিক – ভীমরাও রামজি আম্বেদকর

বিসারী দে
সহকারী অধ্যাপক
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
কুলতলি ড. বি.আর. আম্বেদকর কলেজ

"যে আগুনে পুড়েছি, সেই আগুনেই আলো জ্বেলেছি"

একটি শিশু জন্ম নিল। জন্মের আগেই তার পরিচয় নির্ধারিত — সে 'অস্পৃশ্য'। সে জল স্পর্শ করতে পারবে না পুকুরের, পা রাখতে পারবে না মন্দিরের চৌকাঠে,স্কুলে পড়তে বসলে তার জায়গা হবে দরজার বাইরে — মাটিতে। শিক্ষক ছুঁয়ে দেখবেন না তার খাতা, বন্ধুরা খেলবে না তার সাথে। এই শিশুটির নাম —ভীমরাও রামজি আম্বেদকর। কিন্তু সেই শিশু একদিন এমন মানুষ হয়ে উঠবেন, যিনি ভারতের সংবিধান রচনা করবেন। যিনি কোটি কোটি মানুষের মুক্তির স্বপ্ন লিখবেন আইনের ভাষায়। যার নামে আজ আমাদের এই কলেজ — কুলতলী ড. বি. আর. আম্বেদকর কলেজ।

এই প্রবন্ধ সেই আলোর পথিকের কথা — যিনি অন্ধকার থেকে উঠে এসে সমগ্র দেশকে আলো দিয়েছিলেন। এই প্রবন্ধের মাধ্যমে উনার জীবনের অধ্যায়ের সারসত্তাটুকু তুলে ধরার একটি বিনীত প্রচেষ্টা করা হয়েছে।

প্রথম অধ্যায় : আগুনের মধ্যে শৈশব

১৮৯১ সালের ১৪ই এপ্রিল, মধ্যপ্রদেশের মহু সামরিক ছাউনিতে জন্ম নিলেন ভীমরাও। পিতা রামজি মালোজি সকপাল ছিলেন ব্রিটিশ ভারতীয় সেনাবাহিনীতে হাবিলদার। পরিবারটি মহার জাতির, হিন্দু সমাজের সবচেয়ে নিচের তলায় তাদের স্থান।স্কুলে ভর্তি হলেন ভীম। কিন্তু সেখানে তাঁর জন্য আলাদা ব্যবস্থা কারণ উঁচু জাতের ছেলেদের সঙ্গে বসার অধিকার তার নেই, বরং তিনি বঞ্চিত, শুধু তাই নয়, জল খেতে চাইলে কেউ ঢেলে দেবে উপর থেকে, নিজে কলসি ছোঁয়া বারণ। একবার ক্লাসে ম্যাপ আঁকার পালা এলো। শিক্ষক বললেন — "তুই ম্যাপ ছুঁলে ম্যাপ অপবিত্র হয়ে যাবে।"

সেই ছোট্ট ছেলেটি অপমান গিলে নিল। কিন্তু ভেতরে ভেতরে জ্বলতে থাকল একটা আগুন — পরিবর্তনের আগুন।

দ্বিতীয় অধ্যায় : পড়াশোনাই হলো অস্ত্র

ভীমরাও বুঝেছিলেন যে এই সমাজ বদলাতে হলে প্রথমে নিজেকে বদলাতে হবে এবং এই ক্ষেত্রে শিক্ষাই পারে জাতিভেদের শিকল ভাঙতে। বরোদার মহারাজা সায়াজিরাও গায়কোয়াড়ের বৃত্তি নিয়ে তিনি পড়তে গেলেন নিউ ইয়র্কের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে। সেখানে তাঁর শিক্ষক ছিলেন বিখ্যাত অর্থনীতিবিদ জন ডিউই। আম্বেদকর অর্থনীতিতে স্নাতকোত্তর করলেন, তারপর পিএইচডি। এরপর লন্ডন স্কুল অফ ইকোনমিক্স থেকে আরেকটি ডক্টরেট,বার-অ্যাট-ল ডিগ্রি।

একজন 'অস্পৃশ্য' পরিবারের সন্তান অর্জন করলেন এতগুলো উচ্চতম ডিগ্রি , যা সেকালে ছিল অকল্পনীয়। কিন্তু আম্বেদকর শুধু ডিগ্রি সংগ্রহ করেননি , তিনি সংগ্রহ করেছিলেন অস্ত্র। মানসিক লড়াইয়ের অস্ত্র, যা পরবর্তীকালে তার বৃহৎ প্রতিবাদ ও লড়াইয়ের অস্ত্র রূপে ভুমিকা পালন করবে ।

তৃতীয় অধ্যায় : কলম ও কণ্ঠস্বর

দেশে ফিরে আম্বেদকর দুটো কাজ শুরু করলেন একসাথে , যথা লেখা ও আন্দোলন। ১৯২০ সালে তিনি প্রকাশ করলেন পত্রিকা 'মূকনায়ক' অর্থাৎ যাদের কন্ঠস্বর নেই, তাদের নায়ক। পরে আরও পত্রিকা — 'বহিষ্কৃত ভারত', 'সমতা', 'জনতা' তিনি প্রকাশিত করেন। আম্বেদকার লিখলেন যুগান্তকারী গ্রন্থ — "Annihilation of Caste" যাকে জাতিভেদ বিনাশের দলিল বলে আবিহিত করা হয়। ১৯২৭ সালের মহাড় সত্যাগ্রহ আম্বেদকরকে পরিচিত করল সারা দেশে। মহারাষ্ট্রের মহাড়ে একটি সরকারি জলাশয় থেকে দলিতরা জল নিতে পারত না। আম্বেদকরের নেতৃত্বে হাজার হাজার দলিত মানুষ সেই পুকুরের জল স্পর্শ করলেন। এটা শুধু জলের লড়াই ছিল না — এটা ছিল মর্যাদার লড়াই। সেই একই বছর তিনি মনুস্মৃতি পুড়িয়ে দিলেন প্রকাশ্যে — সেই বইটি, যা বর্ণভেদের আইনি ভিত্তি হিসেবে ব্যবহৃত হতো। এই ঘটনা ছিল একটি প্রতীকী বিপ্লব।

চতুর্থ অধ্যায় : গান্ধী বনাম আম্বেদকর – দুটি স্বপ্নের সংঘাত

ভারতের স্বাধীনতা আন্দোলনে দুটি বড় নাম — গান্ধী ও আম্বেদকর। কিন্তু দুজনের পথ ছিল আলাদা।

১৯৩২ সালে ব্রিটিশ সরকার দলিতদের জন্য আলাদা নির্বাচন ব্যবস্থার (Communal Award) ঘোষণা করলো এবং গান্ধী এর বিরুদ্ধে অনশনে বসলেন কারণ তিনি মনে করতেন এটা হিন্দু সামাজে বিভাজন নিয়ে আসবে, অপরদিকে, আম্বেদকর মনে করতেন — এটা দলিতদেরকে আসল অর্থে রাজনৈতিক ক্ষমতা দেবে । অনশনের চাপে শেষে দুজন একটি চুক্তিতে পৌঁছালেন যা পুনা চুক্তি (Poona Pact, ১৯৩২) নামে পরিচিত । দলিতদের জন্য সংরক্ষিত আসন স্বীকৃত হলো। এই বিতর্ক আজও প্রাসঙ্গিক। আম্বেদকর বিশ্বাস করতেন ভালোবাসার কথা বললে হবে না, আইন বদলাতে হবে, তবেই সমাজে পরিবর্তন পরিলিখিত হবে । উনি মনে করতেন যে সামাজিক মুক্তি আসে রাজনৈতিক ক্ষমতা থেকে।

পঞ্চম অধ্যায় : সংবিধানের স্থপতি

স্বাধীনতার পর ১৯৪৭ সালে জওহরলাল নেহরু আম্বেদকরকে স্বাধীন ভারতের প্রথম আইনমন্ত্রী রূপে নিযুক্ত করলেন এবং তিনি হলেন সংবিধান খসরা কমিটির চেয়ারম্যান।এই সুযোগটি আম্বেদকর নষ্ট করেননি।

তিনি এমন একটি সংবিধান রচনা করলেন, যেখানে প্রতিটি নাগরিক সমান — জাত, ধর্ম, লিঙ্গ নির্বিশেষে। এই ক্ষেত্রে অনুচ্ছেদ বিশেষ তাৎপর্যপূর্ণ কারণ এই অনুচ্ছেদ অস্পৃশ্যতা বিলুপ্ত করার কথা বলে। এই অনুচ্ছেদ স্পষ্টভাবে অস্পৃশ্যতা নিষিদ্ধ ঘোষণা করে। আরও বললে, ১৯৫৫ সালের অস্পৃশ্যতা অপরাধ আইন (যা ১৯৭৬ সালে নাগরিক অধিকার রক্ষা আইন নামে পুনঃনামকরণ করা হয়) অস্পৃশ্যতার কার্যকলাপকে অপরাধ বলে গণ্য করে এবং এই ধরনের কার্যকলাপে লিপ্ত ব্যক্তিদের আইনি শাস্তির আওতায় আনার কথা উল্লেখ করা হয় । তিনি লিখলেন সংরক্ষণের অধিকার, নারীর সমানাধিকার, শ্রমিকের অধিকার ।

অসুস্থ শরীরে, ডায়াবেটিস ও বাতের যন্ত্রণায় জর্জরিত হয়ে তিনি কখনো রাত ২টা, কখনো ৩টা পর্যন্ত কাজ করেছেন। তাঁর সহকর্মীরা বলতেন — "বাবাসাহেব ঘুমান না, তিনি শুধু কাজ করেন।"

২৬শে নভেম্বর ১৯৪৯ — সংবিধান গৃহীত হলো। ৩৯৫টি অনুচ্ছেদ, ৮টি তফশিল। কোটি কোটি ভারতীয়ের জীবনের দলিল।

ষষ্ঠ অধ্যায় : ধর্মান্তর – এক ঐতিহাসিক সিদ্ধান্ত

সংবিধান রচনার পরও বাবাসাহেবের মন শান্তি পায়নি। তিনি দেখলেন, হিন্দু ধর্মের কাঠামোর মধ্যে দলিত মানুষের মর্যাদার পরিবর্তন সম্ভব নয়। ১৯৫৬ সালের ১৪ই অক্টোবর, নাগপুরে এক বিশাল সমাবেশে তিনি প্রায় ৫ লক্ষ অনুগামীসহ বৌদ্ধ ধর্ম গ্রহণ করলেন।

তিনি বললেন — "আমি হিন্দু জন্মেছিলাম, কিন্তু হিন্দু হয়ে মরব না।" বৌদ্ধ ধর্মের সমতা, করুণা ও প্রজ্ঞার আদর্শ তাঁকে আকৃষ্ট করেছিল। এটা ছিল শুধু ধর্ম পরিবর্তন নয় , এটা ছিল একটি রাজনৈতিক ও সামাজিক বিবৃতি।মাত্র ছয় সপ্তাহ পরে — ৬ই ডিসেম্বর ১৯৫৬ — আম্বেদকর মারা গেলেন। কিন্তু তাঁর ধর্মান্তর আন্দোলন আজও চলছে।

সপ্তম অধ্যায় : আমাদের কলেজ, আমাদের দায়িত্ব

আমাদের কলেজের নাম কুলতলী ড. বি. আর. আম্বেদকর কলেজ। এই নামটি শুধু একটি শিরোনাম নয় — এটি একটি প্রতিশ্রুতি। আম্বেদকর বিশ্বাস করতেন শিক্ষাই পারে মানুষকে মুক্ত করতে। তিনি বলেছিলেন —"শিক্ষা হলো বাঘিনীর দুধ। যে খাবে, সে গর্জন করবেই।" সুন্দরবনের কোলে, কুলতলীর মাটিতে গড়ে ওঠা এই কলেজ সেই স্বপ্নকেই বহন করে। এখানে যে ছাত্রছাত্রীরা পড়তে আসেন , অনেকে প্রথম প্রজন্মের পড়ুয়া, অনেকে সংগ্রামী পরিবারের সন্তান এবং তাদের প্রতিটি পদক্ষেপে আম্বেদকরের আশীর্বাদ আছে। আমরা শিক্ষকরা মনে রাখি আম্বেদকর শুধু সংবিধান লেখেননি, তিনি লিখেছিলেন সমতার ভাষা। আমাদের দায়িত্ব সেই ভাষা প্রতিটি শিক্ষার্থীর কাছে পৌঁছে দেওয়া।

উপসংহার : আলোর কাণ্ডারী আম্বেদকার

ভীমরাও আম্বেদকরের জীবন আমাদের কাছে একটি দৃষ্টান্ত, উনি অপমানকে শক্তিতে পরিণত করেছিলেন । যে সমাজ তাঁকে প্রান্তে ঠেলে দিয়েছিল, তিনি সেই সমাজের কেন্দ্রে দাঁড়িয়ে নতুন ভারত গড়েছেন।

তাঁর জীবন আমাদের শেখায়

- **অপমান হজম করতে হয় না, রূপান্তরিত করতে হয়।**
- **পড়াশোনা বিলাসিতা নয়, অস্ত্র।**
- **আইন বদলালে সমাজ বদলায়।**
- **মর্যাদা ভিক্ষা করতে হয় না, অর্জন করতে হয়।**

১৪ই এপ্রিল — আম্বেদকর জয়ন্তী এবং আজকের এই দিনে আমরা শুধু একজন মহামানবকে স্মরণ করি না — আমরা নিজেদেরকে প্রশ্ন করি — আমরা কি তাঁর স্বপ্নের কাছাকাছি যাচ্ছি? আমাদের কলেজ কি সত্যিকার অর্থে সমতার জায়গা হয়ে উঠছে?

যদি উত্তর "হ্যাঁ" হয়, তাহলে আম্বেদকরের আলো নিভে যায়নি — সে আলো আমাদের ভেতরে জ্বলছে।

জয় ভীম।

মানুষ চাই, মানুষ!

ডঃ সুজাতা বন্দ্যোপাধ্যায়
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
কুলতলি ড. বি.আর. আম্বেদকর কলেজ

আমরা মানুষ! হ্যাঁ আমরা মানুষ, বিশেষত দু পায়ে হাঁটি, ভাবনা চিন্তা করে কাজ করি, আর যারা একটু লেখাপড়া জানি বলে গর্ব করি তারা আবার বলি আমাদের মান ও হুঁশ আছে, সেই জন্যই আমরা মানুষ। এবার সত্যি সত্যিই যদি আমরা সত্যি কথা স্বীকার করি; তাহলে বলুন তো একবার বুকে হাত রেখে — নিজেদের 'মান' থাকা বা না থাকা নিয়ে আমরা যতটা সচেতন ঠিক ততটাই কি 'হুঁশ' নিয়ে। আমরা কি 'হুঁশ' নিয়ে কাজ করি? অর্থাৎ আমরা বেশিরভাগ মানুষ যারা তারা কি হুঁশিয়ার বলে নিজেদের দাবি করতে পারি?

প্রশ্নের ভেতরেই উত্তর লুকিয়ে রাখা আছে। মুখ লোকাবার জায়গা নেই। প্রকৃত অর্থে আমরা সবাই মানী বটে, কিন্তু অন্যের 'মান' রাখবার জন্য ঠিক ততটাই হুঁশিয়ার নয়। ছোট্ট একটা উদাহরণ দিয়ে ধরিয়ে দিই। রিক্সা আমরা প্রায় সবাই চাপি। 'রিক্সাওলা'কে তা সে যে বয়সেরই হোন না কেন 'তুমি' বলতেই আমরা বেশিরভাগ লোক অভ্যস্থ — তাই তো! খুব কম জনই আছে/আছেন যারা রিক্সাওলাকে 'আপনি' বলে থাকেন। 'তুমি' এমন কি যারা আমাদের স্ট্যাটাসের সঙ্গে ঠিক মেলে না বলে মনে করি তাদের আমরা অনায়াসে তুই'ও বলে থাকি। অথচ অনেক কম বয়সের কেউ স্যুট কোট টাই পরিধান করে ঠান্ডা ঘরে টেবিলের ওপাশে বসে থাকলে সসম্ভ্রমে আপনি বলে সম্মান দিই, হাত কচলে সামনে দাঁড়িয়ে থাকি, বসতে বললে ধন্য হয়ে যাই। তাহলে কি দাঁড়ালো ব্যাপারটা? — আপনি-তুমি-তুই-টা নির্ভর করে বয়সের ওপর নয়, তার অর্থনৈতিক অবস্থানের ওপর। আমরা এই দিক থেকে বড়ই হুঁশিয়ার।

আর জাতপাতের কথা না তোলাই ভাল। এখানে বেশ ভালোমতোই আমরা-ওরা আছে। তা সে যতই মঞ্চে উঠে গলা কাঁপিয়ে কাজী নজরুলের — "মোরা একই বৃন্তে দুটি কুসুম" গাই না কেন, নিজেদের জীবনে চলার পথে সেটা আমরা মোটেই মেনে চলি না। কিন্তু ভাবটা অনেক লেখাপড়া জানা তথাকথিত শিক্ষিত ব্যক্তিদের মধ্যেও রয়ে গেছে। ব্রাহ্মণ ও শুদ্রের বিষয়টিও তাই। এখনও বিয়ে হচ্ছে জানতে পারলেই 'কোন জাত' জিজ্ঞেস করাটা মজ্জাগত। সব কিছুতে আমরা একটা সিংহভাগ মানুষ মনে করি ব্রাহ্মণই সেরা। এখনো বাড়ির বউটি অন্য জাতের হলে কথা শোনাতে ছাড়ি না। এখনো আমরা গৃহ সহায়িকাকে সম মানুষের সম্মান দিতে পারি না। অন্যেরও যে একই সম্মানের অধিকারি সেটা স্বীকার করে নিতে অসুবিধে আছে আমাদের।

খুব বেশিদিন আগে নয় যখন তথাকথিত নিম্নবর্গের লোক বলে এক শ্রেণীর মানুষদের সঙ্গে একপঙক্তিতে খেতে বসতে আপত্তি ছিল উচ্চবর্ণের। ছায়া মাড়ালে চান করতে হত। অঞ্চল আলাদা করে দেওয়া হত তাদের বাসস্থানের জন্য। শরৎচন্দ্রের উপন্যাসেই শুধু যে এই চিত্র ফুটে উঠতে দেখেছি তাই নয়, বাস্তব জীবনের ক্ষেত্রেও আমাদের অনেকেরই পূর্বজরা এই অভিজ্ঞতা পার করে এসেছেন। আর এইখানেই আজও প্রাসঙ্গিক হয়ে যাচ্ছেন বাবাসাহেব আম্বেদকর। আমাদের স্মার্ট ভারতবর্ষের আড়ালে, আলোকোজ্জ্বল; সব ধরনের সুযোগ সুবিধায় অভ্যস্থ অভিজাত, বিদগ্ধ ভারতবর্ষের আড়ালে যে একটা অন্ধকার ভারতবর্ষ চিরকালই আছে তা সবারই জানা। সেই অন্ধকার ভারতের ভেতর থেকে ক্রমাগত অবহেলিত, অপমানিত, লাঞ্ছিত হতে থাকা ভারতমায়ের সন্তানদের মধ্য থেকেই উঠে এসেছেন এই ভারতসন্তান — ভীমরাও রামজী আম্বেদকর। শুধুমাত্র তাঁর নামাঙ্কিত বলে কুলতলি ডঃ বি. আর. আম্বেদকর কলেজেই যে তাঁর জন্মদিন উদ্‌যাপন করা হচ্ছে তা তো নয়। অনেক প্রতিষ্ঠানেই হয়েছে, হবেও। কিন্তু প্রকৃত পক্ষে আমরা কি তাঁর জীবনচর্যা থেকে শিক্ষা নিচ্ছি কিছু? সংবিধান প্রণেতা হিসেবে তিনি

প্রণম্য একশবার, কিন্তু তাঁর জীবনের সংগ্রাম থেকে, অজ্ঞতা অস্পৃশ্যতার বিরুদ্ধে দাঁড়িয়ে নিজেকে প্রমাণ করবার জেদ থেকে আমরা কি কিছুই শিখব না! আমরা তো মানুষ। শুধুমাত্র জন্মদিন পালনেই সীমাবদ্ধ থাকব! এখনো বহু জায়গায় জাতপাত খুব বড় সমস্যা। এখানের দলিত শ্রেণী দলিতই হয়। কবি জীবনানন্দের ‘সুচেতনা’ কবিতায় যে সু-চেতনার কথা বলেছেন তা কি আমরা ভুলে থাকব! না কি সত্যই সে ‘অনেক শতাব্দীর মনিষীর কাজ’। আজ ভাববার সময় এসেছে। ভাবা উচিত, অন্তত ভাবা প্র্যাকটিস করা উচিত। তবে আমরা পৌঁছতে পারব সেই অনন্ত সুর্যোদয়ের দেশে। রাত্রি শাশ্বত যেমন তেমনি সুর্যোদয়ও তো আছে। সেই বিশ্বাস আমরা মানুষ হিসেবে যদি না রাখি তো সেটাই লজ্জার।

যুগ যায়, শতাব্দী? সেও তো ফুরোয় একদিন
তবু দেখ, নিরুপায় আমরা এখনো যা যা ঋণ
নিয়ে বসে আছি শোধবার চেষ্টা বৃথা ভেবে
কি অক্লেশে জীবনকে রঙিন চশমা দিয়ে দেখে
ভাবি কি আনন্দে আছি, ভাবি শুধু অমৃতটুকু
আমাদের প্রাপ্য আর ‘বিষ’। সেটা জানি একজনই
নেবে, তবে তো সে পুজো পাবে, গরল সবার জন্য নয়,
আমরা সুবিধা খুঁজে, ছোঁয়াচ বাঁচিয়ে বড়জোর
বক্তৃতা দিয়ে দেব, দিয়ে দেব কিছু ডোনেশন
বিবেক বলে তো কিছু আছে; আর ‘মান’
সেটা তাতে রাখা যাবে। আর কিছু পারব না বাপু
অনেক কাজের চাপ, সে সব তো বুঝবে না লোকে
নিন্দুক আছে যারা, তারা কিছু বাজে বকবেই
বাবা সাহেবের দেশে মানুষের দাম আজও নেই।

দলিত জাতি

ভাস্কর নাইয়া
অতিথি অধ্যাপক,
শিক্ষাবিজ্ঞান বিভাগ
কুলতলী ডঃ বি আর আম্বেদকর কলেজ

মানব জাতি বড়াই করে
শ্রেষ্ঠ জাতি বলে,
বাবা সাহেব লাঞ্ছিত হলো
দলিত জাতি বলে ।।

দলিত তুমি বাবা সাহেব
দলিত মহা-জাতি ,
নিপীড়নের কাহিনী শুনে
আজও জ্ঞানশূন্য হয়ে হাসি ।।

পুকুর- কুয়ো পুর্ণ জলে
তৃষ্ণায় তুমি কাতর হলে,
জল দেয়নি কেউ এক বাটি
অপরাধ তুমি দলিত জাতি ।।

মুষলধারায় বৃষ্টির দিনে
তুমি এক গৃহে আশ্রয় নিলে ,
ক্রোধে কর্তা প্রহার দিলো
কি অপরাধ দলিতের হলো ।।

নিপীড়নের শিকার হলে
তুমি দলিত জাতি বলে ,
তোমার শোকে কাঁদে আজও
সকল দলিত জাতি ।।

ড. ভীমরাও রামজি আম্বেদকর - এক অনমনীয় আলোর দীপ্তি

বৃতি সুন্দর সর্দার
ষষ্ঠ সেমিস্টার (অনার্স), ইংরাজী বিভাগ
কুলতলি ডঃ বি. আর. আম্বেদকর কলেজ

আজ ১৪ই এপ্রিল। ভারতের ইতিহাসে এই দিনটি শুধু একটি জন্মদিন নয় — এ হলো সেই দিন যেদিন পৃথিবীতে এসেছিলেন এক মহামানব, যাঁর জীবন ছিল ঘৃণার বিরুদ্ধে ভালোবাসার লড়াই, অন্ধকারের বিরুদ্ধে আলোর সংগ্রাম।

১৮৯১ সালের ১৪ই এপ্রিল মধ্যপ্রদেশের মহু শহরে জন্ম নেন ভীমরাও রামজি আম্বেদকর। তিনি মহার জাতিতে জন্মেছিলেন — সেই সময়ের সমাজে যাদের বলা হতো "অস্পৃশ্য"। শৈশব থেকেই তিনি দেখেছিলেন অপমান, বঞ্চনা, অবিচার। বিদ্যালয়ে তাঁকে আলাদা বসতে হতো। শিক্ষকরা তাঁর খাতা স্পর্শ করতেন না। কলসি থেকে জল ঢেলে না দিলে তিনি জল পান করতে পারতেন না।

কিন্তু সেই ছোট্ট ভীম থামেননি। প্রতিটি অপমানকে তিনি বানিয়েছিলেন তাঁর সংকল্পের ইন্ধন। পড়াশোনার প্রতি ছিল তাঁর অদম্য তৃষ্ণা। তিনি জানতেন — জ্ঞানই সেই অস্ত্র, যা দিয়ে শিকল ভাঙা যায়।

"শিক্ষিত হও, সংগঠিত হও, সংগ্রাম করো।"
– ড. বি. আর. আম্বেদকর বরোদার মহারাজার বৃত্তি নিয়ে তিনি কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে পড়তে গেলেন। সেখান থেকে অর্থনীতিতে ডক্টরেট করলেন। এরপর লন্ডন স্কুল অফ ইকোনমিক্স থেকে আরেকটি ডক্টরেট, আইনে ব্যারিস্টার ডিগ্রি। এত শিক্ষা, এত জ্ঞান — তবু দেশে ফিরে তাঁকে আবার সেই পুরনো অপমানের মুখোমুখি হতে হলো। বরোদায় চাকরি করতে গিয়ে কোনো হোটেল তাঁকে ঠাঁই দিল না, কারণ তিনি "অস্পৃশ্য"।

কিন্তু এই অপমানই তাঁকে আরও দৃঢ় করল। তিনি বুঝলেন — এ লড়াই শুধু নিজের জন্য নয়, লক্ষ লক্ষ নির্যাতিত মানুষের জন্য।

ড. আম্বেদকর শুধু একজন নেতা ছিলেন না — তিনি ছিলেন একটি জাতির বিবেক। তিনি দলিত সমাজের জন্য সংবাদপত্র চালালেন, আন্দোলন করলেন, বৌদ্ধ ধর্মগ্রহণ করলেন নতুন মানবিক পরিচয়ের সন্ধানে। ১৯৪৭ সালে স্বাধীনতার পর তিনিই হলেন স্বাধীন ভারতের প্রথম আইনমন্ত্রী এবং সংবিধান রচনার প্রধান স্থপতি।

ভারতের সংবিধান — সেই মহাগ্রন্থ যেখানে লেখা আছে প্রতিটি মানুষের সমান অধিকারের কথা — তা লেখা হয়েছে সেই হাতে, যে হাত শৈশবে কলসির জল পেতে অপেক্ষা করত অন্যের দয়ার জন্য। কী অসাধারণ জীবনের পরিণতি!

"আমি একটি সম্প্রদায়ের অগ্রগতি মাপি তাদের নারীদের অগ্রগতি দিয়ে।"
– ড. বি. আর. আম্বেদকর

আজ যখন আমরা তাঁর জন্মদিনে তাঁকে স্মরণ করি, তখন মনে হয় — এই মানুষটি যদি না থাকতেন, তাহলে ভারতবর্ষ কেমন হতো? লক্ষ লক্ষ দলিত মানুষ আজও হয়তো বেড়িতে বাঁধা থাকতেন। মেয়েরা আজও হয়তো সমান অধিকারের স্বপ্ন দেখতে পারতেন না।

তিনি ভেঙেছিলেন জাতির দেয়াল। তিনি বলেছিলেন — মানুষ তার জন্মের কারণে ছোট বা বড় নয়, মানুষ তার কর্ম ও চরিত্র দিয়ে মানুষ হয়। তাঁর এই বাণী আজও প্রাসঙ্গিক, আজও জরুরি।

ড. আম্বেদকর ছিলেন সেই প্রদীপ, যিনি নিজে জ্বলে হাজারো জীবনকে আলো দিয়েছিলেন। তাঁর জীবন আমাদের শেখায় — যত বড় অন্ধকারই হোক, একটি সত্যিকারের আলো তাকে জয় করতে পারে। যত বড় বাধাই হোক, অদম্য মনোবল তাকে অতিক্রম করতে পারে।

হে ভারতরত্ন, হে মহামানব — তোমার জন্মদিনে আমরা মাথা নত করি। তুমি আমাদের শিখিয়েছ যে স্বপ্ন দেখা যায়, লড়াই করা যায়, জয় করা যায় — জাতি, ধর্ম, শ্রেণির বাধা সত্ত্বেও। তোমার কষ্টের কথা মনে পড়লে চোখ ভিজে আসে, আর তোমার সাফল্যের কথা মনে পড়লে বুক ভরে যায় গর্বে।

তোমার স্বপ্নের সেই ভারত — যেখানে প্রতিটি মানুষ সমান, যেখানে কেউ অস্পৃশ্য নয়, যেখানে জ্ঞান ও মর্যাদা সকলের অধিকার — সেই ভারত গড়ার কাজ এখনো চলছে। আর সেই পথের পাথেয় হয়ে থাকবে তোমার জীবন, তোমার কথা, তোমার সংগ্রাম।

জয় ভীম!

A Critical Study of Ambedkar's Political Ideas of Equality

Dr. Krishnendu Haldar

Teacher, Department of English, Kultali Dr. B. R. Ambedkar College

Introduction:

Equality has been a central theme in political thought across history. B. R. Ambedkar stands out for addressing caste-based inequality in India. In contrast, Karl Marx focused on economic class divisions, Nelson Mandela fought racial oppression, and Abraham Lincoln worked toward abolishing slavery. Here compares their ideas to understand different pathways toward equality. While all four thinkers advocated equality, their approaches were shaped by distinct socio-political contexts—caste oppression, class struggle, racial segregation, and slavery. The study highlights convergences and divergences in their philosophical foundations, methods, and visions of a just society.

1. Political Equality and Constitutionalism:

The political thought of Dr. B. R. Ambedkar occupies a foundational place in modern Indian intellectual and constitutional history as he said:

"Be educated, be organized and be agitated."

That encourages collective action to fight inequality and injustice. His ideas on equality were not merely theoretical constructs but were deeply rooted in lived experience, social realities, and a rigorous engagement with law, economics, and political philosophy. A research synopsis on a critical analysis of Ambedkar's political ideas of equality seeks to explore the depth, scope, and contemporary relevance of his vision, particularly in the context of caste oppression, social justice, and democratic transformation. Ambedkar warned that **political equality alone is not enough** if society remains unequal. A powerful line from his speech captures this:

"On the 26th of January 1950, we are going to enter into a life of contradictions. In politics we will have equality, and in social and economic life we will have inequality."

2. Ambedkar's Idea of Social Equality (Caste and Justice):

Ambedkar's conception of equality goes beyond formal or legal equality. He consistently argued that political democracy—based on the principle of "one person, one vote"—would remain fragile unless accompanied by social and economic democracy. His critique of the caste system as a fundamental barrier to equality forms the core of his political philosophy. He viewed caste not only as a social hierarchy but as a system that institutionalizes inequality and denies basic human dignity. **"I measure the progress of a community by the degree of progress which women have achieved."** Which emphasizes gender equality as central to social progress. Therefore, his advocacy extended toward annihilating caste, ensuring representation of marginalized communities, and restructuring society through constitutional safeguards as By situating his thought within both historical and modern frameworks, the study attempts to assess whether Ambedkar's vision has been adequately realized or remains an unfinished project. Furthermore, the study engages with various scholarly interpretations to highlight differing perspectives on Ambedkar's political philosophy. It seeks to bridge the gap between normative ideals and practical implementation, offering a nuanced understanding of equality as envisioned by Ambedkar.

The motivation behind this research arises from both **intellectual and contemporary socio-political concerns** surrounding the idea of equality in modern democratic societies. B. R. Ambedkar remains one of the most profound thinkers on equality, yet his ideas are often studied in fragmented ways—limited to caste, constitutionalism, or social justice—without recognizing their coherence as a broader philosophical framework. Although Ambedkar consistently emphasized liberty, equality, and fraternity as foundational to democracy, there is no systematic attempt to reconstruct his ideas into a unified theory of "equalism." This absence creates a need to reinterpret his political philosophy in a way that brings together its moral, social, economic, and institutional dimensions. **"Equality may be a fiction but nonetheless one must accept it as a governing principle."** This suggests that even if perfect equality is hard to achieve, it must guide society.

3. Economic Equality and State Intervention:

Another important motivation stems from the **persistent inequalities in contemporary society**. Despite constitutional guarantees, issues such as caste discrimination, economic disparity, gender inequality, and social exclusion continue to challenge democratic ideals. Ambedkar's warning about the contradiction between political equality and social inequality remains highly relevant today. This research is therefore motivated by the need to examine whether his ideas can offer meaningful solutions to present-day problems. The study is also driven by a **critical academic concern**. Much of the existing literature tends to be descriptive or celebratory, often portraying B. R. Ambedkar as a social reformer rather than critically engaging with the strengths and limitations of his thought as "**Social democracy means a way of life which recognizes liberty, equality and fraternity as the principles of life."**
There is a need for a more analytical approach that not only appreciates his contributions but also evaluates their coherence, tensions, and practical implications.

4. Reconstructing Ambedkar's Theory of Equalism:

B. R. Ambedkar's political ideas on equality are still widely studied today because they address problems that haven't fully disappeared and offer a framework for building a fair society. First, his ideas were rooted in the harsh realities of caste discrimination. Even today, social inequality—especially caste-based exclusion—continues in parts of India. Ambedkar didn't just describe the problem; he proposed concrete solutions like legal safeguards, education, and political representation for marginalized groups. Second, he played a central role in shaping the Constitution of India, embedding equality, liberty, and justice as fundamental principles. His vision influences laws, policies, and debates even now, so studying his ideas helps people understand the foundation of modern Indian democracy. Third, his concept of equality went beyond legal rights. He emphasized social and economic equality—not just political equality. For example, he argued that voting rights alone are not enough if people don't have dignity, education, or economic opportunities. This broader vision is still relevant in discussions about poverty, gender equality, and minority rights. Fourth, Ambedkar's work connects to global ideas of human rights. His thinking aligns with modern democratic values and inspires movements against discrimination worldwide, not just in India. Finally, his ideas encourage critical thinking about society. He challenged traditional systems and urged people to question injustice, making his work important for students, scholars, and policymakers today. Ambedkar's ideas have largely been confined to the context of Dalit studies or Indian politics, despite their potential relevance to broader debates on justice, equality, and democracy. By framing his thought as "equalism," this study seeks to position him alongside major political theorists and expand his global intellectual significance as **"Political democracy cannot last unless there lies at the base of it social democracy."**

5. Contemporary Relevance:

Ambedkar's critique of caste continues to matter because caste-based discrimination hasn't disappeared. Even in modern India, issues like unequal access to education, housing segregation, and social exclusion persist. His call for the **annihilation of caste** still resonates in debates about affirmative action, representation, and social justice. As the chief architect of the Constitution of India, Ambedkar emphasized that equality must be protected through strong institutions and laws. Today, concerns about minority rights, civil liberties, and institutional independence show how important his framework still is. Ambedkar warned that political democracy (one person, one vote) would fail without social democracy. His warning about contradictions between formal equality and lived inequality is still a central issue in democracies worldwide. Ambedkar strongly supported reservations (affirmative action) to uplift historically oppressed communities. Contemporary debates around reservation policies, diversity, and inclusion directly reflect his thinking—especially questions like: how long should such policies continue, and how should they evolve? Ambedkar also argued for state intervention to reduce inequality. In an era of rising wealth gaps, unemployment, and informal labour, his ideas about labour rights, welfare policies, and fair distribution remain highly relevant. Often overlooked, Ambedkar was a strong advocate for women's rights (e.g., through reforms like the Hindu Code Bill). Issues like gender pay gaps, violence against women, and representation show that his broader vision of equality is still unfinished. Ambedkar's ideas align with modern movements against systemic discrimination—whether based on race, class, or ethnicity. His approach can be compared to global equality struggles, such as civil rights movements, showing that his thought transcends India. Ambedkar's relevance today lies in a simple but powerful idea—**formal equality is not enough without real, lived equality**. His work challenges societies to move beyond symbolic rights toward genuine social transformation. His emphasis on human dignity, social justice, and fraternity offers a powerful framework for imagining a more just and inclusive society.

6. Conclusion:

B. R. Ambedkar's conception of equality is broader and more integrative than those of Marx, Mandela, and Lincoln, as it incorporates social, political, and economic dimensions simultaneously. While Marx provides a critique of capitalism, Mandela offers a model of reconciliation, and Lincoln represents moral-political reform, Ambedkar's framework remains particularly relevant in addressing deeply rooted social inequalities like caste. Ambedkar viewed equality as a multidimensional concept—social, political, and economic. His critique of the caste system emphasized that political democracy would fail without social democracy. He said that **"We are Indians, firstly and lastly,"** which stresses unity and equality beyond caste, religion, or social divisions

\-----------------